বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর

# অডিট রিপোর্ট

রিপোর্টের সনঃ ২০১৭-২০১৮

# রেলপথ মন্ত্রণালয়

রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ রেলওয়ে এর
২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব সম্পর্কিত

## পরিবহণ অডিট অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর

# অডিট রিপোর্ট

রিপোর্টের সনঃ ২০১৭-২০১৮

# প্রথম খণ্ড

## রেলপথ মন্ত্রণালয়
## অর্থ বছরঃ ২০১৬-২০১৭

## পরিবহণ অডিট অধিদপ্তর

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১. | মুখবন্ধ | - |
| ০২. | Abbreviations & Glossary | - |
| ০৩. | **প্রথম অধ্যায়** | ০১ |
| | অডিট অনুচ্ছেদের সারসংক্ষেপ | ০২-০৩ |
| | অডিট বিষয়ক তথ্য | ০৪ |
| | ম্যানেজমেন্ট ইস্যু | ০৫ |
| | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | ০৫ |
| | অডিটের সুপারিশ | ০৫ |
| ০৪. | **দ্বিতীয় অধ্যায় (অডিট অনুচ্ছেদসমূহ)** | ০৬-৩৫ |
| ০৫. | মহাপরিচালকের স্বাক্ষর | ৩৫ |
| ০৬. | পরিশিষ্টসমূহ | -- |

# মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব নিরীক্ষা করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। রেলপথ মন্ত্রণালয় এর নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের বিভিন্ন প্রতিষ্ঠানের ২০১৬-২০১৭ অর্থ বছরের আর্থিক কার্যক্রমের ওপর পরিবহণ অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে নিরীক্ষাপূর্বক এ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুত্বপূর্ণ অনিয়মসমূহ সংশ্লিষ্ট অংশীজনের নজরে আনয়ন করাই এ নিরীক্ষার মূল উদ্দেশ্য।

৩। নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে/ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়ন না করা বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এ প্রতিবেদনে প্রতিফলিত হয়েছে।

৪। এ প্রতিবেদনে অন্তর্ভুক্ত ১৬(ষোল)টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ অফিস প্রধানসহ রেলপথ মন্ত্রণালয়ের মুখ্য হিসাবদানকারী কর্মকর্তা বরাবর উপস্থাপন করা হয়েছে এবং প্রাপ্তি সাপেক্ষে তাঁদের লিখিত জবাব বিবেচনাপূর্বক এ প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে।

৫। এ নিরীক্ষা সম্পাদন ও প্রতিবেদন প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারীকৃত Government Auditing Standards অনুসরণ করা হয়েছে।

৬। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ- ১৩২ অনুযায়ী এ নিরীক্ষা প্রতিবেদন মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ ঃ ____________ বঙ্গাব্দ

৭/৮/২০২১ খ্রিস্টাব্দ

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
বাংলাদেশ

# Abbreviations

| | | |
|---|---|---|
| AEN | : | Assistant Engineer |
| BOQ | : | Bill of Quantities |
| BR | : | Bangladesh Railway |
| CE | : | Chief Engineer |
| CCS | : | Chief Controller of Stores |
| CEO | : | Chief Estate Officer |
| CCGP | : | Cabinet Committee on Government Purchase |
| COS | : | Controller of Stores |
| CRB | : | Central Railway Building |
| DRM | : | Divisional Railway Manager |
| DCOS | : | District Controller of Stores |
| DEN | : | Divisional Engineer |
| DFA | : | Deputy Financial Adviser |
| ERC | : | Elastic Rail Clip |
| FA&CAO | : | Financial Adviser and Chief Accounts Officer |
| GCC | : | General Conditions of Contract |
| IT | : | Income Tax |
| IPC | | Interim Payment Certificate |
| LC | : | Letter of Credit |
| MDM | : | Manuscript Memorandum of Differences |
| NOA | : | Notification of Award |
| PCC | : | Particular Conditions of Contract |
| PG | : | Performance Guarantee. |
| PHT | : | Pahartali |
| PPR | : | Public Procurement Rules |
| R-Note | : | Receipt Note |
| SR | : | Special Recoupment |
| SSAE | : | Senior Sub-Assistant Engineer |
| TEC | : | Tender Evaluation Committee |
| TSO | : | Track Supply Officer |
| VAT | : | Value Added Tax |

# Glossary

| | | |
|---|---|---|
| MDM | : | ভোক্তাবিভাগের চাহিদার বিপরীতে সরবরাহকৃত মালামালের মধ্যে ত্রুটিপূর্ণ মালামালের তালিকা। |
| Liquidated Damage | : | নির্দিষ্ট সময়ের মধ্যে কার্য সম্পাদন না করার ফলে অতিরিক্ত সময়ের জন্য ধার্যকৃত ক্ষতি পূরণ। |
| পি-ওয়ে | : | সমতল রাস্তায় রেল এর দুটি লাইন। |
| Gate lodge | : | লেভেল ক্রসিং সংলগ্ন ছোট ঘর বা গুমটি ঘর। |

## **প্রথম অধ্যায়**

## (অডিট অনুচ্ছেদের সারসংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

**অডিট অনুচ্ছেদের সারসংক্ষেপ**

| আপত্তির ক্ষেত্র | অনুচ্ছেদ নং | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|---|
| ভ্যাট ও আয়কর জনিত অনিয়ম | ১ | সোনার বাংলা এক্সপ্রেস ট্রেনের খাবার (ক্যাটারিং) বিলে কম হারে ভ্যাট কর্তন করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৪৫,৭১,৬১৭.০০ |
| | ২ | বিভিন্ন রুটে চলাচলরত আন্তঃনগর ট্রেনের ক্যাটারিং সার্ভিসের বার্ষিক লাইসেন্স ফি এর উপর ভ্যাট কর্তন/আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৭,২৮,৫৯২.০০ |
| | ৩ | ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর ও ভ্যাট আদায় করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৩,৫৪,১৬০.০০ |
| | ৪ | Sleeper উৎপাদনকারী প্রতিষ্ঠান কে উৎপাদনকারী বিবেচনা না করে সরবরাহকারী হিসাবে বিবেচনা করে VAT কর্তন করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১১,২৩,২০০.০০ |
| | ৫ | ঠিকাদারের নিকট হতে কম হারে আয়কর ও ভ্যাট কর্তন করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৫,৩৮,৯৫৩.০০ |
| কম কাজ করে/কাজ না করে অনিয়মিতভাবে অতিরিক্ত বিল পরিশোধ জনিত অনিয়ম | ৬ | নকশা অনুমোদন ব্যতীত এবং ০৩ ইউনিট বিশিষ্ট Gate lodge নির্মাণ করে ০৬ ইউনিট বিশিষ্ট Gate lodge নির্মাণ দেখিয়ে বিল উত্তোলন করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১৬,২৭,৯২০.০০ |
| | ৭ | কাজ অসমাপ্ত থাকা অবস্থায় লেভেল ক্রসিং গেটের পুনর্বাসন কাজের জন্য অনিয়মিতভাবে অর্থ পরিশোধ। | ৩৫,০০,০০০.০০ |
| | ৮ | রোড সারফেসের কাজ না করেই বিল পরিশোধ। | ৬৮,২৫,০০০.০০ |
| স্টোরে হিসাবভুক্তি সংক্রান্ত অনিয়ম | ৯ | এসএসএই, ওয়ে, রাজবাড়ী হতে এসএসএই, ওয়ে, কুষ্টিয়াকে সরবরাহকৃত ২,৮৯,২৭,৫০০/- টাকা মূল্যের ২৯০০ টি নতুন বিজি স্টিল স্লিপার স্টোর রিটার্নে অন্তর্ভুক্ত না থাকাজনিত অনিয়ম। | ২,৮৯,২৭,৫০০.০০ |
| | ১০ | মালামালের বিপরীতে চালান না পাওয়া, হিসাবভুক্ত না হওয়া এবং মজুদ রেজিস্টারে এন্ট্রি না করাজনিত অনিয়ম। | ২,৮৫,৯০,২৭৯.০০ |
| | ১১ | বাস্তবে মজুদে পণ্য না থাকায় সরকারের আর্থিক ক্ষতি। | ১৫,০৩,৫৭৪.০০ |
| PPR/2008 সংক্রান্ত অনিয়ম | ১২ | দরপত্রে অংশগ্রহণ না করা সত্ত্বেও বিধিবহির্ভূতভাবে মেসার্স রোজলীন ট্রেডার্স এর সঙ্গে চুক্তি সম্পাদন ও ঠিকাদার নিয়োগে গুরুতর অনিয়ম। | ১,৩৯,০৯,৮০০.০০ |

| আপত্তির ক্ষেত্র | অনুচ্ছেদ নং | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|---|
| PPR/2008 সংক্রান্ত অনিয়ম | ১৩ | একক কাজকে একাধিক প্যাকেজে বিভক্ত করায় অনিয়মিত ব্যয়। | **১,১৩,৯১,৯৪৯.০০** |
| বিবিধ | ১৪ | নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ না করায় Liquidated Damage বাবদ অর্থ আদায়যোগ্য। | ৬,৬২,৪৭৮.০০ |
| | ১৫ | বকেয়া বিদ্যুৎ বিল বাবদ অর্থ আদায়যোগ্য। | ৪৭,০০,১৬০.০০ |
| | ১৬ | অধিকমূল্যে স্টোন ব্যালাস্ট সরবরাহ নেওয়ার চুক্তি অনুমোদন করায় আর্থিক ক্ষতি। | ৫,৫৯,১৭,৪০০.০০ |
| | | **সর্বমোট =** | **১৬,৪৮,৭২,৫৮২.০০** |

**(ষোল কোটি আটচল্লিশ লক্ষ বাহাত্তর হাজার পাঁচশত বিরাশি টাকা মাত্র)।**

## অডিট বিষয়ক তথ্য ঃ

| | | |
|---|---|---|
| **নিরীক্ষা অর্থ বছর** | ঃ | ২০১৬-২০১৭। |
| **নিরীক্ষিত প্রতিষ্ঠান** | ঃ | বাংলাদেশ রেলওয়ে। |
| **নিরীক্ষার প্রকৃতি** | ঃ | নিয়মানুগ (Compliance)। |
| **নিরীক্ষার সময়** | ঃ | ১৪/০১/২০১৮ হতে ২৬/০৪/২০১৮ খ্রিঃ। |
| **নিরীক্ষা পদ্ধতি** | ঃ | স্থানীয়ভাবে যাচাই ও বিশ্লেষণ। |
| **অডিট রিপোর্ট প্রণয়নে সার্বিক তত্ত্বাবধান** | ঃ | **মহাপরিচালক, পরিবহণ অডিট অধিদপ্তর।** |

**ম্যানেজমেন্ট ইস্যু ঃ**

- দুর্বল অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা।
- দরপত্রের শর্ত লজ্ঘন ও বিধিবিধান প্রতিপালনে অনিয়ম।
- অর্থ আদায়/কর্তন সংক্রান্ত দায়িত্ব পালনে ব্যর্থতা।
- রেলওয়ের বিভিন্ন কোড, বিধিবিধান হালনাগাদ না করা।
- পিপিএ/২০০৬ এবং পিপিআর/২০০৮ এর বিধি বিধান পালনে ব্যর্থতা।
- ভ্যাট ও আয়কর আইন অনুযায়ী নির্ধারিত হার অপেক্ষা কম হারে কর্তন।

**অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ ঃ**

- মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর ১৮(ঙ) পরিপালন না করা।
- আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫২ রুল ১৬ এর ক্লজ (এ) এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬; তারিখ ০২/০৬/২০১৬ মোতাবেক ব্যবস্থা গ্রহণ না করা।
- অর্থ আইন ২০১৬ অনুযায়ী নির্ধারিত হারে আয়কর কর্তন না করা।
- প্রকৌশল কোডের ধারা ১২১৫ এবং চুক্তিপত্রের (Particular Conditions of Contract) শর্ত লজ্ঘন করা।
- পিপিআর/২০০৮ এর বিধি-১০২(৪), বিধি ৩৩(২), (ক) ও (খ) বিধি ১৭(৫) এর উপবিধি (১), (২) ও (৩) এর নির্দেশনা পরিপালন না করা।

**অডিটের সুপারিশ ঃ**

- সরকারি অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারি বিভিন্ন বিধিবিধান, আদেশ-নির্দেশ প্রতিপালনে সচেতন ও যত্নবান হওয়া প্রয়োজন। রেলওয়ে জেনারেল কোডে বর্ণিত Canons of financial propriety নীতিমালার প্রতি রেলওয়ের কর্মকর্তা/কর্মচারীদের সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন।
- ঘাটতিকৃত মালামালের মূল্য আদায় করা আবশ্যক।
- একই জাতীয় অনিয়ম যেন বার বার সংঘটিত না হয় তার ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
- স্টক রেজিস্টার/স্টোর রিটার্নে মালামাল গ্রহণের সঠিক হিসাবভুক্তি আবশ্যক।
- পিপিআর/২০০৮ লংঘনকারীদের পিপিএ/২০০৬ এর ধারা ৬৪(৩) মোতাবেক ব্যবস্থা গ্রহণ আবশ্যক।
- বকেয়া বিদ্যুৎ বিল দ্রুততার সাথে আদায় করা আবশ্যক।
- ভ্যাট আইন অনুযায়ী কম কর্তনকৃত ভ্যাট আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান আবশ্যক।
- অডিট আপত্তিতে বর্ণিত অনিয়ম ও ক্ষতির জন্য যথাযথভাবে দায়দায়িত্ব নির্ধারণ করে বিধি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও ক্ষতি নিয়মানুগ করে অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

৬

# দ্বিতীয় অধ্যায়

# (অডিট অনুচ্ছেদসমূহ)

**অনুচ্ছেদ নং-০১।**

**শিরোনামঃ সোনার বাংলা এক্সপ্রেস ট্রেনের খাবার (ক্যাটারিং) বিলে কম হারে ভ্যাট কর্তন করায় সরকারের আর্থিক ক্ষতি ৪৫,৭১,৬১৭.০০ (পঁয়তাল্লিশ লক্ষ একাত্তর হাজার ছয়শত সতেরো) টাকা।**

**বিবরণঃ**

চিফ কমার্শিয়াল ম্যানেজার/পূর্ব, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ০৫/০৪/২০১৮ হতে ০৮/০৪/২০১৮ খ্রিঃ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে সোনার বাংলা এক্সপ্রেস ট্রেনের টিকেটের বিপরীতে পর্যটন কর্পোরেশন অব বাংলাদেশ হতে খাবার সরবরাহ বাবদ অর্থ আদায় সংক্রান্ত নথি, বিল ভাউচার এবং রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৬-২০১৭ অর্থ বছরে সোনার বাংলা এক্সপ্রেস ট্রেনের খাবারের বিল বাবদ ৬,২৩,৪৩,০৬০/- টাকা যাত্রীদের কাছ হতে আদায় করা হয়েছে। ভ্যাট সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের ০২/০৬/২০১৬ খ্রিঃ তারিখের ০৬/মূসক/২০১৬ সংখ্যক সাধারণ আদেশ মোতাবেক ক্যাটারার্স এর উপর ১৫% ভ্যাট কর্তনের নির্দেশনা আছে। কিন্তু এ ক্ষেত্রে আদায় করা হয়েছে ৭.৬৬৬%। নির্দিষ্ট হারের চেয়ে কম হারে ভ্যাট কর্তন করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ৪৫,৭১,৬১৭/- টাকা [**পরিশিষ্ট-০১**]।

**অনিয়মের কারণঃ**

জাতীয় রাজস্ব বোর্ডের ০২/০৬/২০১৬ খ্রিঃ তারিখের ০৬/মূসক/২০১৬ সংখ্যক সাধারণ আদেশ মোতাবেক ক্যাটারার্স এর উপর ১৫% হারে ভ্যাট আদায়ের নির্দেশনা পরিপালন না করা।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ**

বাংলাদেশ পর্যটন কর্পোরেশন কর্তৃক দাখিলকৃত সোনার বাংলা এক্সপ্রেস ট্রেনের খাবারের মাসিক বিল চুক্তিপত্রের ১০ নং শর্তানুযায়ী হিসাব বিভাগ কর্তৃক যাচাই-বাছাইয়ের পর ভ্যাট/ট্যাক্স কর্তন করত অবশিষ্ট বিলের টাকা বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এর অনুকূলে ক্রস চেকের মাধ্যমে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। উত্থাপিত আপত্তির বিষয়ে অত্র দপ্তরের করণীয় কিছু নেই। কারণ উক্ত বিল যাচাই-বাছাই করত ভ্যাট/ট্যাক্স কর্তনের কার্যক্রম হিসাব বিভাগ কর্তৃক সম্পাদিত হয়। তা সত্ত্বেও আপত্তির কপিটি হিসাব বিভাগে প্রেরণ করা হবে। এমতাবস্থায়, উক্ত আপত্তিটি অত্র দপ্তর থেকে প্রত্যাহার করত হিসাব বিভাগে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, ভ্যাট সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের ০২/০৬/২০১৬ খ্রিঃ তারিখের ০৬/মূসক/২০১৬ সংখ্যক সাধারণ আদেশ মোতাবেক ক্যাটারার্স এর উপর ১৫% ভ্যাট প্রদানের নির্দেশনা আছে। এক্ষেত্রে সে মোতাবেক আদায় না করে ৭.৬৬% আদায় করা হয়েছে। ভ্যাট বাবদ আপত্তিকৃত অর্থ যথাসময়ে সরকারি কোষাগারে জমা করা হলে ঐ বছরের জন্য সরকারের আদায়কৃত অর্থের সমপরিমাণ অর্থ কম ঋণ গ্রহণ করতে হতো এবং সুদও দেওয়ার প্রয়োজন হতো না। কেননা এ যাবৎ সরকার ঘাটতি বাজেট করে আসছে এবং এ ঘাটতি পূরণের জন্য দেশীয় ব্যাংক/বন্ড হতে ১০% বা ততোধিক হারে ঋণ গ্রহণ করতে হয়। এই অনিয়মের বিষয় উল্লেখ করে আপত্তিটি ১১/০৭/২০১৮ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর জারি করা হয়। পরবর্তীতে ১৩/০৮/২০১৮খ্রিঃ তারিখে ১ম তাগিদপত্র ও ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ২য় তাগিদপত্র এবং ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

উল্লেখ্য, ইতোপূর্বে এই আপত্তির অনুরূপ আপত্তি ২০০৬-২০০৭ অর্থ বছরের বার্ষিক অডিট রিপোর্টের অনুচ্ছেদ নং-০১, পৃষ্ঠা-০৭ এ অন্তর্ভুক্ত হয়। আপত্তির শিরোনাম "চুক্তির শর্ত মোতাবেক ঠিকাদারের নিকট হতে ইজারা মূল্যের ওপর ভ্যাট কর্তন না করায় (২,৭৬,২১,২৩২/- + ২,০৩,১৫,১৩৪/-) = ৪,৭৯,৩৬,৩৬৬/- (চার কোটি উনআশি লক্ষ ছত্রিশ হাজার তিন শত ছেষট্টি মাত্র) টাকা আর্থিক ক্ষতি"। আপত্তিটি ৯ম জাতীয় সংসদের সরকারি

হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৭৬তম বৈঠকে আলোচনা হয় এবং সংশ্লিষ্ট কার্যবিবরণীর ক্রমিক ৬.১.২ এর মাধ্যমে সিদ্ধান্ত প্রদান করা হয় যে,

"১। জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী বেসরকারি ব্যবস্থাপনায় যাত্রী ভাড়া আদায়ের জন্য ন্যস্ত ট্রেনের লাইসেন্স ফি'র উপর ভ্যাট আদায় করতে হবে। এই বিষয়ে আদায়ের অবহেলা ঘটলে সংশ্লিষ্ট পরিচালক/অফিসাররা দায়ী থাকবেন।

২। ইতোমধ্যে যাদের নিকট থেকে ভ্যাট আদায় করা হয়নি তাদেরকে ভ্যাট আদায়ের জন্য পত্র লিখতে হবে। তাদের নিকট যে ভ্যাট আদায়যোগ্য তা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারকে রেলওয়ের তরফ থেকে জানিয়ে দিতে হবে।

৩। রেলওয়ের যে সকল কর্মকর্তার উপর এই ভ্যাট আদায়ের দায়িত্ব ছিল, তারা তা যথাযথভাবে পালন করেনি। তাদের এ ধরনের উদাসীনতা ভবিষ্যতে তাদের দায়িত্ব পালনের ক্ষেত্রে অনীহা ও অবহেলা হিসাবে গণ্য করা হবে। যারা এই ভ্যাট আদায় করেনি তাদের নিকট থেকে ব্যাখ্যা তলব ও তা পর্যালোচনা করে অনধিক ৩০ দিনের মধ্যে মন্ত্রণালয়ের মতামতসহ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের মাধ্যমে কমিটিকে জানাতে হবে"।

**নিরীক্ষার সুপারিশঃ**

আপত্তিতে উল্লিখিত কম কর্তনকৃত ভ্যাট আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করে প্রমাণকসহ নিরীক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ এবং এই অনিয়ম পুনরাবৃত্তি রোধকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো।

**অনুচ্ছেদ নং-০২।**

**শিরোনামঃ বিভিন্ন রুটে চলাচলরত আন্তঃনগর ট্রেনের ক্যাটারিং সার্ভিসের বার্ষিক লাইসেন্স ফি এর উপর ভ্যাট কর্তন/আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি ৭,২৮,৫৯২.০০ (সাত লক্ষ আটাশ হাজার পাঁচশত বিরানব্বই) টাকা।**

**বিবরণঃ**

চিফ কমার্শিয়াল ম্যানেজার/পূর্ব, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম কার্যালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের হিসাব ০৫/৪/২০১৮ হতে ১৮/৪/২০১৮ খ্রিঃ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের বিভিন্ন রুটে চলাচলরত আন্তঃনগর ট্রেনের ক্যাটারিং সার্ভিসের বিভিন্ন নথি, বিল ভাউচার, বার্ষিক লাইসেন্স ফি, অন্যান্য তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৬-২০১৭ অর্থ বছরে বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের বিভিন্ন রুটে চলাচলরত আন্তঃনগর ট্রেনের ক্যাটারিং সার্ভিসের বার্ষিক লাইসেন্স ফি এর উপর ১৫% ভ্যাট কর্তন না করায় সরকারের ৭,২৮,৫৯২/- টাকা আর্থিক ক্ষতি।

মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর ১৮(ঙ) অনুসারে লাইসেন্স ইস্যু বা নবায়নের ক্ষেত্রে ১৫% হারে ভ্যাট কর্তনযোগ্য যা পরিশিষ্টে বর্ণিত প্রতিষ্ঠানগুলোর নিকট হতে আদায় করা হয়নি **[পরিশিষ্ট-০২]**।

**অনিয়মের কারণঃ**

মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর ১৮(ঙ) অনুসারে লাইসেন্স ইস্যু বা নবায়নের ক্ষেত্রে নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করা।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ**

সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট থেকে অচিরেই উত্থাপিত আপত্তিকৃত ভ্যাট কর্তন সংক্রান্ত টাকা আদায় করা হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব স্বীকৃতিমূলক। ভ্যাট ও আয়কর বাবদ আপত্তিকৃত অর্থ যথাসময়ে সরকারি কোষাগারে জমা করা হলে ঐ বছরের জন্য সরকারের আদায়কৃত অর্থের সমপরিমাণ অর্থ কম ঋণ গ্রহণ করতে হতো এবং ঋণের সুদও দেওয়ার প্রয়োজন হতো না। কেননা এ যাবত সরকার ঘাটতি বাজেট করে আসছে এবং এ ঘাটতি পূরণের জন্য দেশীয় ব্যাংক/বন্ড হতে ১০% বা ততোধিক হারে ঋণ গ্রহণ করতে হয়। এই অনিয়মের বিষয় উল্লেখ করে আপত্তিটি ১১/০৭/২০১৮ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর জারি করা হয়। পরবর্তীতে ১৩/০৮/২০১৮খ্রিঃ তারিখে ১ম তাগিদপত্র ও ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ২য় তাগিদপত্র এবং ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

উল্লেখ্য, ইতোপূর্বে এই আপত্তির অনুরূপ আপত্তি ২০০৬-২০০৭ অর্থ বছরের বার্ষিক অডিট রিপোর্টের অনুচ্ছেদ নং-০১, পৃষ্ঠা-০৭ এ অন্তর্ভুক্ত হয়। আপত্তির শিরোনাম "চুক্তির শর্ত মোতাবেক ঠিকাদারের নিকট হতে ইজারা মূল্যের ওপর ভ্যাট কর্তন না করায় (২,৭৬,২১,২৩২ + ২,০৩,১৫,১৩৪) = ৪,৭৯,৩৬,৩৬৬/- (চার কোটি উনআশি লক্ষ ছত্রিশ হাজার তিন শত ছেষট্টি মাত্র) টাকা আর্থিক ক্ষতি"। আপত্তিটি ৯ম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৭৬তম বৈঠকে আলোচনা হয় এবং সংশ্লিষ্ট কার্যবিবরণীর ক্রমিক ৬.১.২ এর মাধ্যমে সিদ্ধান্ত প্রদান করা হয় যে,

"১। জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী বেসরকারি ব্যবস্থাপনায় যাত্রী ভাড়া আদায়ের জন্য ন্যস্ত ট্রেনের লাইসেন্স ফি'র উপর ভ্যাট আদায় করতে হবে। এই বিষয়ে আদায়ের অবহেলা ঘটলে সংশ্লিষ্ট পরিচালক/অফিসাররা দায়ী থাকবেন।

২। ইতোমধ্যে যাদের নিকট থেকে ভ্যাট আদায় করা হয়নি তাদেরকে ভ্যাট আদায়ের জন্য পত্র লিখতে হবে। তাদের নিকট যে ভ্যাট আদায়যোগ্য তা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারকে রেলওয়ের তরফ থেকে জানিয়ে দিতে হবে।

৩। রেলওয়ের যে সকল কর্মকর্তার উপর এই ভ্যাট আদায়ের দায়িত্ব ছিল, তারা তা যথাযথভাবে পালন করেনি। তাদের এ ধরনের উদাসীনতা ভবিষ্যতে তাদের দায়িত্ব পালনের ক্ষেত্রে অনীহা ও অবহেলা হিসাবে গণ্য করা হবে। যারা এই ভ্যাট আদায় করেনি তাদের নিকট থেকে ব্যাখ্যা তলব ও তা পর্যালোচনা করে অনধিক ৩০ দিনের মধ্যে মন্ত্রণালয়ের মতামতসহ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের মাধ্যমে কমিটিকে জানাতে হবে"।

**নিরীক্ষার সুপারিশঃ**

লাইসেন্সিদের নিকট হতে আপত্তিকৃত ভ্যাট বাবদ বকেয়া টাকা আদায় করত সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ নিরীক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ এবং এই অনিয়ম পুনরাবৃত্তি রোধকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো।

**অনুচ্ছেদ নং-০৩।**

**শিরোনামঃ ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর ও ভ্যাট আদায় করায় সরকারের ৩,৫৪,১৬০.০০ (তিন লক্ষ চুয়ান্ন হাজার একশত ষাট) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ ঃ**

বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের লেভেল ক্রসিং গেটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন প্রকল্প পশ্চিমাঞ্চল, রাজশাহী প্রকল্পের ২০১৫-২০১৬ অর্থ বছর এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ১৪/০৩/২০১৮ হতে ১৫/০৩/২০১৮ খ্রিঃ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে এফএএন্ডসিএও/প্রকল্প অফিসে প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র, চুক্তিপত্র ও বিল ভাউচারসহ হিসাব পর্যালোচনাকালে দেখা যায় যে, আলোচ্য প্রকল্পের প্যাকেজ নং-WD-2 এর কাজের জন্য Mahbub Brothers Pvt. Ltd. Akram Tower, Holding No.454, Daulatpur, Khulna, Bangladesh এর সাথে বাংলাদেশ রেলওয়ের চুক্তি সম্পাদিত হয় (চুক্তিপত্র নং-৫৪.০১.৮১০০.১৫৫.০১.০৬৭.১৬; তারিখঃ ০৯/০৩/২০১৬ খ্রিঃ, চুক্তিমূল্য ১৩,৮৫,১২,০৪০/-)। চুক্তি অনুযায়ী কাজ সম্পাদনের নিমিত্ত সংশ্লিষ্ট ঠিকাদার এর অনুকূলে ২০১৬-২০১৭ অর্থ বছরে ৮,৩৯,৮৬,১০৫/- টাকা পরিশোধ করা হয়। কিন্তু উক্ত পরিশোধিত টাকা হতে আয়কর বাবদ ১,৯০,৭০১/৭০ এবং ভ্যাট বাবদ ১,৬৩,৪৫৮/৮৮ টাকা কম কর্তন করা হয়েছে। আয়কর ও ভ্যাট বাবদ সর্বমোট (১,৯০,৭০১/৭০ + ১,৬৩,৪৫৮/৮৮) = ৩,৫৪,১৬০/৫৮ টাকা কম কর্তন করা হয়েছে। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা-৫২, রুল-১৬ অনুযায়ী উৎসে করের হার নির্ধারিত হবে Base Amount এর ভিত্তিতে। চুক্তি মূল্য, বিল বা ইনভয়েস অঙ্ক এবং পরিশোধ এ তিনটির মধ্যে যেটি বেশি তাই হবে উৎসে কর হার নির্ধারণের ভিত্তি অঙ্ক এবং ধারা-৫২ রুল-১৬ এর ক্লজ (এ) অনুযায়ী ভিত্তি অঙ্কের পরিমাণ ১০ (দশ) কোটি টাকার অধিক হলে আয়করের হার হবে ৭%। এক্ষেত্রে আলোচ্য প্যাকেজের চুক্তি মূল্য ১৩,৮৫,১২,০৪০/- টাকা বিধায় আয়করের হার হবে ৭%। অন্যদিকে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬; তারিখঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ অনুযায়ী আলোচ্য প্যাকেজের কাজ সেবার কোড এস ০০৪.০০ (নির্মাণ সংস্থা) এর আওতাভুক্ত বিধায় এক্ষেত্রে ভ্যাটের হার হবে ৬%। তাই দেখা যায় বর্ণিত ক্ষেত্রে উক্ত বিধিবিধানসমূহ অনুসরণ না করায় সরকারের ৩,৫৪,১৬০/- টাকা আর্থিক ক্ষতিসাধিত হয়েছে **[পরিশিষ্ট-০৩]**।

**অনিয়মের কারণ ঃ**

আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫২, রুল ১৬ এর ক্লজ (এ) অনুযায়ী এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬; তারিখ ০২/০৬/২০১৬ মোতাবেক নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর ও ভ্যাট আদায় করা।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

বর্ণিত আপত্তির প্রেক্ষিতে উল্লেখ করা যাচ্ছে যে, সরকার নির্ধারিত হারেই আয়কর ও ভ্যাট কর্তন করা হয়েছে। তবে সর্বশেষ ৪ নং বিলের ক্ষেত্রে বিলের দাবী থেকে অগ্রিম পরিশোধ বাদ দেওয়ার সময় হিসাবে ভুল হওয়ায় আয়কর ও ভ্যাট কম কর্তন করা হয়েছে। যেহেতু ৪ নং বিল পরিশোধের পর অদ্যাবধি ৫নং বিল দাখিল করা হয়নি তাই উক্ত কম কর্তনকৃত টাকা সমন্বয় করা সম্ভব হয়নি। যেহেতু চুক্তি অনুযায়ী এখনও বিল পরিশোধ বাকি রয়েছে তাই পরবর্তী অর্থাৎ ৫ নং বিল থেকে আপত্তিজনিত টাকা রিকভারি করা হবে এবং অডিটকে অবহিত করা হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

জবাব স্বীকৃতিমূলক। ভ্যাট ও আয়কর বাবদ আপত্তিকৃত অর্থ যথাসময়ে সরকারি কোষাগারে জমা করা হলে ঐ বছরের জন্য সরকারের আদায়কৃত অর্থের সমপরিমাণ অর্থ কম ঋণ গ্রহণ করতে হতো এবং সুদও দেওয়ার প্রয়োজন হতো না। কেননা এ যাবৎ সরকার ঘাটতি বাজেট করে আসছে এবং এ ঘাটতি পূরণের জন্য দেশীয় ব্যাংক/বন্ড হতে ১০% বা ততোধিক হারে ঋণ গ্রহণ করতে হয়। এই অনিয়মের বিষয় উল্লেখ করে আপত্তিটি ১১/০৭/২০১৮খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর জারি করা হয়। পরবর্তীতে ১৩/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ১ম তাগিদপত্র ও ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ২য় তাগিদপত্র এবং ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

উল্লেখ্য, ইতোপূর্বে এই আপত্তির অনুরূপ আপত্তি ২০০৬-০৭ অর্থ বছরের বার্ষিক অডিট রিপোর্টের অনুচ্ছেদ নং-০১, পৃষ্ঠা-০৭ এ অন্তর্ভুক্ত হয়। আপত্তির শিরোনাম "চুক্তির শর্ত মোতাবেক ঠিকাদারের নিকট হতে ইজারা মূল্যের ওপর ভ্যাট কর্তন না করায় (২,৭৬,২১,২৩২ + ২,০৩,১৫,১৩৪) = ৪,৭৯,৩৬,৩৬৬/- (চার কোটি ঊনআশি লক্ষ ছত্রিশ হাজার তিন শত ছেষট্টি মাত্র) টাকা আর্থিক ক্ষতি"। আপত্তিটি ৯ম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৭৬তম বৈঠকে আলোচনা হয় এবং সংশ্লিষ্ট কার্যবিবরণীর ক্রমিক ৬.১.২ এর মাধ্যমে সিদ্ধান্ত প্রদান করা হয় যে,

"১। জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী বেসরকারি ব্যবস্থাপনায় যাত্রী ভাড়া আদায়ের জন্য ন্যস্ত ট্রেনের লাইসেন্স ফি'র উপর ভ্যাট আদায় করতে হবে। এই বিষয়ে আদায়ের অবহেলা ঘটলে সংশ্লিষ্ট পরিচালক/অফিসাররা দায়ী থাকবেন।

২। ইতোমধ্যে যাদের নিকট থেকে ভ্যাট আদায় করা হয়নি তাদেরকে ভ্যাট আদায়ের জন্য পত্র লিখতে হবে। তাদের নিকট যে ভ্যাট আদায়যোগ্য তা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারকে রেলওয়ের তরফ থেকে জানিয়ে দিতে হবে।

৩। রেলওয়ের যে সকল কর্মকর্তার উপর এই ভ্যাট আদায়ের দায়িত্ব ছিল, তারা তা যথাযথভাবে পালন করেনি। তাদের এ ধরনের উদাসীনতা ভবিষ্যতে তাদের দায়িত্ব পালনের ক্ষেত্রে অনীহা ও অবহেলা হিসাবে গণ্য করা হবে। যারা এই ভ্যাট আদায় করেনি তাদের নিকট থেকে ব্যাখ্যা তলব ও তা পর্যালোচনা করে অনধিক ৩০ দিনের মধ্যে মন্ত্রণালয়ের মতামতসহ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের মাধ্যমে কমিটিকে জানাতে হবে"।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

আপত্তিকৃত টাকা সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণকসহ জবাব অডিট অধিদপ্তর বরাবর প্রেরণ এবং এই অনিয়ম পুনরাবৃত্তি রোধকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো।

**অনুচ্ছেদ নং-০৪।**

**শিরোনাম ঃ Sleeper উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উৎপাদনকারী বিবেচনা না করে সরবরাহকারী হিসাবে বিবেচনা করে VAT কর্তন করায় সরকারের ১১,২৩,২০০.০০ (এগারো লক্ষ তেইশ হাজার দুইশত) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ ঃ**

বাংলাদেশ রেলওয়ের হাইটেক পার্কের জন্য মির্জাপুর ও মৌচাক স্টেশনের মধ্যবর্তী কালিয়াকৈর এ একটি বি ক্লাস স্টেশন নির্মাণ প্রকল্প, পশ্চিমাঞ্চল, রাজশাহী এর ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ০৯/০৪/২০১৮ হতে ১০/০৪/২০১৮ খ্রিঃ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়।

প্রকল্পের প্যাকেজ নং-WD-1 এর আওতায় সম্পাদিত কাজের বিপরীতে পরিশোধিত বিল ও কর্তনযোগ্য আয়কর, ভ্যাট পর্যালোচনাকালে পরিলক্ষিত হয় যে, সংশ্লিষ্ট কাজের ঠিকাদার এবং Sleeper উৎপাদনকারী প্রতিষ্ঠান Max Infrastructure Ltd. কর্তৃক আলোচ্য কাজে ১,২৪,৮০,০০০/- টাকা মূল্যের Sleeper সরবরাহ করা হয়।

- এ সরবরাহের বিপরীতে এফএএন্ডসিএও/প্রকল্প, কমলাপুর কার্যালয় Max Infrastructure Ltd. কে উৎপাদনকারী হিসেবে বিবেচনায় না নিয়ে শুধুমাত্র সরবরাহকারী হিসেবে বিবেচনায় নিয়ে ৬% হারে ভ্যাট কর্তন করেছে। ভ্যাট আইন এবং জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র নং-০৬/মূসক/২০১৬; তাং ০২ জুন ২০১৬ খ্রিঃ অনুযায়ী পণ্যের উৎপাদনকারী যদি সরবরাহকারী হয়ে থাকে তাহলে মূসক-১১ থাকা সাপেক্ষে সরবরাহকারী হিসেবে VAT কর্তন করা যাবে।
- কিন্তু এ ক্ষেত্রে মূসক-১১ থাকার কোন প্রমাণক পাওয়া যায়নি। তথাপি Max Infrastructure Ltd. কে Sleeper উৎপাদনকারী হিসেবে বিবেচনা না করে সরবরাহকারী হিসেবে বিবেচনা করে ১৫% এর পরিবর্তে ৬% ভ্যাট কর্তন করায় এ বাবদ সরকারের ১১,২৩,২০০/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে **[পরিশিষ্ট-০৪]**।

**অনিয়মের কারণঃ**

জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র নং-০৬/মূসক/২০১৬; তারিখঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ অনুযায়ী পণ্যের উৎপাদনকারী হিসাবে ভ্যাট কর্তন না করা।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ**

আপত্তির প্রেক্ষিতে উল্লেখ করা যাচ্ছে যে, Max Infrastructure Ltd. এর সাথে প্যাকেজ WD-1: Construction of station buildings, platforms & platform shed & track construction works (1.07 km) at kaliakoir including land development, construction of surface drain, deep tubewell, shifting of bridge & other allied works with supplying all requisite materials, equipments, plants & machineries including all labour & transportation costs. শীর্ষক চুক্তির আলোকে উক্ত কার্য সম্পাদন এবং বিল পরিশোধ করা হয়েছে। আলোচ্য ক্ষেত্রে Construction Package এর আওতায় যাবতীয় মালামাল সরবরাহ ও সংযোজন করা হয়েছে। তাই নির্মাণ সংস্থার জন্য প্রযোজ্য হারে যথাযথ ভ্যাট কর্তন করা হয়েছে। এ ক্ষেত্রে প্রতিষ্ঠানটিকে কোন বিচ্ছিন্ন আইটেম সরবরাহকারী হিসাবে বিবেচনা করা সঠিক হবে না।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

জবাব যথার্থ নয়। এ ক্ষেত্রে ঠিকাদারী প্রতিষ্ঠান হলো Max Infrastructure Ltd.। এ প্রতিষ্ঠানটি Sleeper উৎপাদনকারী প্রতিষ্ঠান। এ চুক্তিতে সরবরাহকৃত Sleeper গুলো Max Infrastructure Ltd. কর্তৃক তৈরিকৃত। আলোচ্য Sleeper গুলো Max Infrastructure Ltd কর্তৃক তৈরি না করার স্বপক্ষে অডিটি কর্তৃপক্ষ কর্তৃক কোন জবাব প্রদান/প্রমাণক সরবরাহ করা হয়নি। রাজস্ব বোর্ড এর পত্র নং-০৬/মূসক/২০১৬;

তারিখঃ ০২ জুন ২০১৬ খ্রিঃ অনুযায়ী পণ্যের উৎপাদনকারী যদি সরবরাহকারী হয়ে থাকে তাহলে মূসক-১১ থাকা সাপেক্ষে সরবরাহকারী হিসেবে VAT কর্তন করা যাবে। কিন্তু এ ক্ষেত্রে মূসক-১১ থাকার কোন প্রমাণক পাওয়া যায়নি বিধায় বিধি মোতাবেক কম কর্তনকৃত VAT আদায় করতে হবে। ভ্যাট বাবদ আপত্তিকৃত অর্থ যথাসময়ে সরকারি কোষাগারে জমা করা হলে ঐ বছরের জন্য সরকারের আদায়কৃত অর্থের সমপরিমাণ অর্থ কম ঋণ গ্রহণ করতে হতো এবং সুদও দেওয়ার প্রয়োজন হতো না। কেননা এ যাবৎ সরকার ঘাটতি বাজেট করে আসছে এবং এ ঘাটতি পূরণের জন্য দেশীয় ব্যাংক/বন্ড হতে ১০% বা ততোধিক হারে ঋণ গ্রহণ করতে হয়। এই অনিয়মের বিষয় উল্লেখ করে আপত্তিটি ১১/০৭/২০১৮ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর জারি করা হয়। পরবর্তীতে ১৩/০৮/২০১৮খ্রিঃ তারিখে ১ম তাগিদপত্র ও ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ২য় তাগিদপত্র এবং ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

উল্লেখ্য, ইতোপূর্বে এই আপত্তির অনুরূপ আপত্তি ২০০৬-০৭ অর্থ বছরের বার্ষিক অডিট রিপোর্টের অনুচ্ছেদ নং-০১, পৃষ্ঠা-০৭ এ অন্তর্ভুক্ত হয়। আপত্তির শিরোনাম "চুক্তির শর্ত মোতাবেক ঠিকাদারের নিকট হতে ইজারা মূল্যের ওপর ভ্যাট কর্তন না করায় (২,৭৬,২১,২৩২ + ২,০৩,১৫,১৩৪) = ৪,৭৯,৩৬,৩৬৬/- (চার কোটি ঊনআশি লক্ষ ছত্রিশ হাজার তিন শত ছেষট্টি মাত্র) টাকা আর্থিক ক্ষতি"। আপত্তিটি ৯ম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৭৬তম বৈঠকে আলোচনা হয় এবং সংশ্লিষ্ট কার্যবিবরণীর ক্রমিক ৬.১.২ এর মাধ্যমে সিদ্ধান্ত প্রদান করা হয় যে,

"১। জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী বেসরকারি ব্যবস্থাপনায় যাত্রী ভাড়া আদায়ের জন্য ন্যস্ত ট্রেনের লাইসেন্স ফি'র উপর ভ্যাট আদায় করতে হবে। এই বিষয়ে আদায়ের অবহেলা ঘটলে সংশ্লিষ্ট পরিচালক/অফিসাররা দায়ী থাকবেন।

২। ইতোমধ্যে যাদের নিকট থেকে ভ্যাট আদায় করা হয়নি তাদেরকে ভ্যাট আদায়ের জন্য পত্র লিখতে হবে। তাদের নিকট যে ভ্যাট আদায়যোগ্য তা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারকে রেলওয়ের তরফ থেকে জানিয়ে দিতে হবে।

৩। রেলওয়ের যে সকল কর্মকর্তার উপর এই ভ্যাট আদায়ের দায়িত্ব ছিল, তারা তা যথাযথভাবে পালন করেনি। তাদের এ ধরনের উদাসীনতা ভবিষ্যতে তাদের দায়িত্ব পালনের ক্ষেত্রে অনীহা ও অবহেলা হিসাবে গণ্য করা হবে। যারা এই ভ্যাট আদায় করেনি তাদের নিকট থেকে ব্যাখ্যা তলব ও তা পর্যালোচনা করে অনধিক ৩০ দিনের মধ্যে মন্ত্রণালয়ের মতামতসহ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের মাধ্যমে কমিটিকে জানাতে হবে"।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

আপত্তিকৃত ভ্যাটের টাকা সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট হতে আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ জবাব অডিট অধিদপ্তর বরাবর প্রেরণ এবং এই অনিয়ম পুনরাবৃত্তি রোধকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো।

**অনুচ্ছেদ নং-০৫।**

**শিরোনামঃ ঠিকাদারের নিকট হতে কম হারে আয়কর ও ভ্যাট কর্তন করায় সরকারের ৫,৩৮,৯৫৩.০০ (পাঁচ লক্ষ আটত্রিশ হাজার নয়শত তিপ্পান্ন) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণঃ**

(ক) বাংলাদেশ রেলওয়ের লাকসাম-চাঁদপুর সেকশন পুনর্বাসন প্রকল্পের ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ১৪/০১/২০১৮ খ্রিঃ হতে ১৯/০৪/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা/প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা কার্যালয়ের বিল ভাউচার স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে মেসার্স কালিন্দী রেল নির্মাণ (ইঞ্জিনিয়ার্স) লিঃ এর বিপরীতে ৫,৭৭,০০,৮০০/- টাকা পরিশোধিত বিলের ওপর ৫% ও ৭% হারে আয়কর কর্তন করা হয়েছে। অনিবাসীর নিকট থেকে উৎস কর কর্তন সংক্রান্ত আয়কর অধ্যাদেশের ধারা ৫৬ এর প্রতিস্থাপিত অর্থ আইন ২০১৬ অনুযায়ী কোন অনিবাসীকে Specified Person বা অর্থ পরিশোধের দায়িত্বপ্রাপ্ত অন্য কোন ব্যক্তি (Person responsible for making payment) কর্তৃক যদি এমন কোন অর্থ পরিশোধ করা হয় যা উক্ত অনিবাসীর আয়, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট উৎসে কর কর্তনের তালিকার ক্রমিক নং-১৫ মোতাবেক তার নিকট হতে ৭.৫% হারে আয়কর কর্তন করতে হবে। এক্ষেত্রে পরিশিষ্টে বর্ণিত ০৬(ছয়)টি বিলে আয়কর কম কর্তন করা হয়েছে ২,৮৮,৫০৪/- টাকা যা ঠিকাদারের নিকট হতে আদায়যোগ্য **[পরিশিষ্ট-০৫(১)]**।

(খ) বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের লেভেল ক্রসিং গেটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন শীর্ষক প্রকল্পের ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছর এর হিসাব ১৪/০৪/২০১৮ খ্রিঃ হতে ১৯/০৪/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা/প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা কার্যালয়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে উক্ত দপ্তরে রক্ষিত চুক্তিপত্র নং-350-W/Level crossing-01/ Consolidated/16; dt: 09/02/2016 খ্রিঃ এবং বিল রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় যে, সিসি বিল দাবী করা হয়েছে ১,৩৯,৬২,০০০/- টাকা। তার মধ্যে Mobilization Advance ১৩,৯৬,২০০/- টাকা বাদ দিয়ে ১,২৫,৬৫,৮০০/- টাকার বিল পাস করা হয়েছে **[পরিশিষ্ট-৫(২)]**। আয়কর অধ্যাদেশের ধারা ৫২, ৫২এ এবং ৫২এএ এবং বিধি ১৬ এর প্রতিস্থাপন আদেশ নং-৫২ ও বিধি ১৬(এ) ক্রমিক নং-০৭ অনুসারে আয়কর আদায় করতে হবে ৬% হিসেবে। কিন্তু আয়কর কর্তন করা হয়েছে ৫% হিসেবে। ফলে আয়কর কম আদায় করা হয়েছে ১,২৫,৬৫৮/- টাকা।

(গ) প্রধান যন্ত্র প্রকৌশলী/পূর্ব/চট্টগ্রাম এর অধীন কর্মব্যবস্থাপক/নির্মাণ/বাংলাদেশ রেলওয়ে/পাহাড়তলী/চট্টগ্রাম এবং বিভাগীয় যন্ত্র প্রকৌশলী/লোকো/বাংলাদেশ রেলওয়ে/ঢাকা কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ১৪/০১/২০১৮ হতে ১১/০৩/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে উক্ত কার্যালয়ের নথি এবং পরিশোধিত বিলসমূহ পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, **পরিশিষ্ট-৫(৩-৫)** এ বর্ণিত কাজসমূহে পণ্যের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে পরিশোধযোগ্য বিল হতে নির্ধারিত হারে ভ্যাট আদায় বা কর্তন না করে ১,২৪,৭৯১/- টাকা ভ্যাট কম কর্তন করা হয়েছে।

জাতীয় রাজস্ব বোর্ড/ঢাকার সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬; তারিখ ০২/০৬/২০১৬ খ্রিঃ এর ক্রমিক নং ২(১) এর ১৪ নং ক্রমিক অনুযায়ী পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থার নিকট হতে ১৫% হারে ভ্যাট কর্তনের বিষয় উল্লেখ আছে। কিন্তু আলোচ্য ক্ষেত্রে বিভিন্ন হারে ভ্যাট আদায় করা হয়েছে। ফলে ভ্যাট বাবদ কম আদায় করা হয়েছে ১,২৪,৭৯১/- টাকা যা সরকারের আর্থিক ক্ষতি হিসেবে গণ্য।

উপরিউক্ত তিনটি কার্যালয়ে মোট ৫,৩৮,৯৫৩/- টাকা আয়কর ও ভ্যাট বাবদ কম আদায় করা হয়েছে **[পরিশিষ্ট-৫]**।

**অনিয়মের কারণঃ**

(ক) অর্থ আইন ২০১৬, ক্রমিক নং-১৫ অনুযায়ী নির্ধারিত হারে আয়কর কর্তন না করা।

(খ) আয়কর ধারা ৫২ ও বিধি ১৬(এ) পরিপালন না করা এবং নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর আদায় করা।

(গ) জাতীয় রাজস্ব বোর্ড/ঢাকা এর সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬; তারিখ ০২/০৬/২০১৬ খ্রিঃ এর ২(১) এ ১৪ নং ক্রমিকের বিপরীতে উল্লিখিত হার অপেক্ষা কম হারে ভ্যাট আদায় করা।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ**

(ক) **অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধির্কতা/প্রকল্পঃ** বর্ণিত আপত্তির প্রেক্ষিতে উল্লেখ করা যাচ্ছে যে, প্রতিষ্ঠানটি বিদেশি হলেও দীর্ঘদিন ধরে এদেশে ব্যবসা পরিচালনা করে আসছেন। ইতোমধ্যে তারা নিবাসী status না পেয়ে থাকলে বিষয়টি নিশ্চিত হয়ে কম কর্তনকৃত আয়কর সমন্বয় করা হবে। উল্লেখ্য যে, উক্ত প্রতিষ্ঠান কর্তৃক অগ্রিম পরিশোধিত আয়কর (AIT) হতে পরিশোধিত বিলের বিপরীতে আয়কর সমন্বয় করা হয়েছে। AIT বাবদ এখনো ৭১,৯৩,২৬৯/৭৩ টাকা জমা আছে।

(খ) **অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধির্কতা/প্রকল্পঃ** বিষয়টি পরীক্ষাপূবর্ক আয়কর কম কর্তন করা হয়ে থাকলে তা পরবর্তী বিলের দাবী পরিশোধকালে আদায় করে অডিটকে অবহিত করা হবে।

(গ) **কর্মব্যবস্থাপক/নির্মাণ পাহাড়তলীঃ** জবাবে বলা হয়েছে যে, চুক্তিপত্র অনুযায়ী মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠান মালামাল সরবরাহ করত বিল চালান এই দপ্তরে পেশ করার পর বিলটি অগ্রায়ন করে হিসাব বিভাগে প্রেরণ করা হয়ে থাকে। হিসাব বিভাগ নিয়মানুযায়ী ভ্যাট ট্যাক্স কর্তন করত বিলটি পরিশোধ করে থাকেন। এক্ষেত্রে ভ্যাট ট্যাক্স আদায় করার এক্তিয়ার হিসাব বিভাগের বিধায় আপত্তিটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা হল। **ডিএমই/লোকো/বিআর/ঢাকা** এর জবাবে বলা হয়েছে যে, বিধি মোতাবেক বিল প্রদান করা হয়েছে বিধায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।

**নিরীক্ষা মন্তব্যঃ**

অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধির্কতা/প্রকল্প এর প্রদত্ত জবাবে আপত্তিটি যথাযথ হিসেবে স্বীকৃতি লাভ করেছে। কর্মব্যবস্থাপক/নির্মাণ পাহাড়তলী এর জবাব পর্যালোচনা করা হলো। ভ্যাট আইন অনুযায়ী ক্রয়কারী কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট আদায় করা হয়নি।

ভ্যাট ও আয়কর বাবদ আপত্তিকৃত অর্থ যথাসময়ে সরকারি কোষাগারে জমা করা হলে ঐ বছরের জন্য সরকারের আদায়কৃত অর্থের সমপরিমাণ অর্থ কম ঋণ গ্রহণ করতে হতো এবং সুদও দেওয়ার প্রয়োজন হতো না। কেননা এ যাবৎ সরকার ঘাটতি বাজেট করে আসছে এবং এ ঘাটতি পূরণের জন্য দেশীয় ব্যাংক/বন্ড হতে ১০% বা ততোধিক হারে ঋণ গ্রহণ করতে হয়। এই অনিয়মের বিষয় উল্লেখ করে আপত্তিটি ১১/০৭/২০১৮ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর জারি করা হয়। পরবর্তীতে ১৩/০৮/২০১৮খ্রিঃ তারিখে তাগিদপত্র ও ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ২য় তাগিদপত্র এবং ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

উল্লেখ্য, ইতোপূর্বে এই আপত্তির অনুরূপ আপত্তি ২০০৬-২০০৭ অর্থ বছরের বার্ষিক অডিট রিপোর্টের অনুচ্ছেদ নং-০১, পৃষ্ঠা-০৭ এ অন্তর্ভুক্ত হয়। আপত্তির শিরোনাম "চুক্তির শর্ত মোতাবেক ঠিকাদারের নিকট হতে ইজারা মূল্যের ওপর ভ্যাট কর্তন না করায় (২,৭৬,২১,২৩২ + ২,০৩,১৫,১৩৪) = ৪,৭৯,৩৬,৩৬৬/- (চার কোটি উনআশি লক্ষ ছত্রিশ হাজার তিন শত ছেষট্টি মাত্র) টাকা আর্থিক ক্ষতি"। আপত্তিটি ৯ম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৭৬তম বৈঠকে আলোচনা হয় এবং সংশ্লিষ্ট কার্যবিবরণীর ক্রমিক ৬.১.২ এর মাধ্যমে সিদ্ধান্ত প্রদান করা হয় যে,

"১। জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী বেসরকারি ব্যবস্থাপনায় যাত্রী ভাড়া আদায়ের জন্য ন্যস্ত ট্রেনের লাইসেন্স ফি'র উপর ভ্যাট আদায় করতে হবে। এই বিষয়ে আদায়ের অবহেলা ঘটলে সংশ্লিষ্ট পরিচালক/ অফিসাররা দায়ী থাকবেন।

২। ইতোমধ্যে যাদের নিকট থেকে ভ্যাট আদায় করা হয়নি তাদেরকে ভ্যাট আদায়ের জন্য পত্র লিখতে হবে। তাদের নিকট যে ভ্যাট আদায়যোগ্য তা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারকে রেলওয়ের তরফ থেকে জানিয়ে দিতে হবে।

৩। রেলওয়ের যে সকল কর্মকর্তার উপর এই ভ্যাট আদায়ের দায়িত্ব ছিল, তারা তা যথাযথভাবে পালন করেনি। তাদের এ ধরনের উদাসীনতা ভবিষ্যতে তাদের দায়িত্ব পালনের ক্ষেত্রে অনীহা ও অবহেলা হিসাবে গণ্য করা হবে। যারা এই ভ্যাট আদায় করেনি তাদের নিকট থেকে ব্যাখ্যা তলব ও তা পর্যালোচনা করে অনধিক ৩০ দিনের মধ্যে মন্ত্রণালয়ের মতামতসহ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের মাধ্যমে কমিটিকে জানাতে হবে"।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

আপত্তিকৃত আয়কর আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করত প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা এবং এই অনিয়ম পুনরাবৃত্তি রোধকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো।

**অনুচ্ছেদ নং- ০৬।**

**শিরোনামঃ নকশা অনুমোদন ব্যতীত এবং ০৩ ইউনিট বিশিষ্ট Gate lodge নির্মাণ করে ০৬ ইউনিট বিশিষ্ট Gate lodge নির্মাণ দেখিয়ে বিল উত্তোলন করায় সরকারের ১৬,২৭,৯২০.০০ (ষোল লক্ষ সাতাশ হাজার নয়শত বিশ) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ ঃ**

বাংলাদেশ রেলওয়ের হাইটেক পার্কের জন্য মির্জাপুর ও মৌচাক স্টেশনের মধ্যবর্তী কালিয়াকৈর এ একটি বি-ক্লাস স্টেশন নির্মাণ প্রকল্প, পশ্চিমাঞ্চল/রাজশাহী এর ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ১৯/০৩/২০১৮ খ্রিঃ হতে ২৯/০৩/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র, চুক্তিপত্র ও বিল ভাউচারসমূহ পর্যালোচনা এবং সরেজমিনে প্রকল্প এলাকা পরিদর্শনে দেখা যায়, চুক্তিতে উল্লিখিত ০৬ ইউনিটের গেট লজ নির্মাণের পরিবর্তে ০৩ ইউনিট বিশিষ্ট গেট লজ নির্মাণ করে ০৬ ইউনিট বিশিষ্ট গেট লজের বিল উত্তোলন করায় সরকারের (৭৬ বঃ মিটার × ২১,৪২০/-) = ১৬,২৭,৯২০/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে **[পরিশিষ্ট-৬]**।

**অনিয়মের কারণঃ**

কাজ কম করা সত্ত্বেও অনিয়মিতভাবে অধিক পরিমাণ কাজের বিল অর্থাৎ ৩ ইউনিট কাজের পরিবর্তে ৬ ইউনিট কাজের বিল পরিশোধ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ**

গাজীপুর জেলার কালিয়াকৈর এর লতিফপুরে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক সাসেক সড়ক সংযোগ প্রকল্পের আওতায় ৪ লেন রোড ওভারপাস নির্মাণ করা হচ্ছে। ফলশ্রুতিতে রোড ট্রাফিকের অধিকাংশ এ ওভারপাস ব্যবহার করায় বিদ্যমান লেভেল ক্রসিং গেটে যানবাহনের চাপ কমে যাবে। প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি'র উপর প্রকল্প পরীক্ষণ কমিটি'র সভায় মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে মহোদয় ভেরিয়েশন পর্যালোচনা করে যৌক্তিকভাবে ভেরিয়েশন ব্যয় হ্রাস করার জন্য নির্দেশনা প্রদান করেন। রোড ট্রাফিকের চাপ কমে যাওয়ার ফলে ৬ ইউনিট গেট লজের পরিবর্তে ৩ ইউনিট গেট লজ নির্মাণ করলে প্রকল্পের ব্যয় হ্রাস পাবে। এ বাস্তবতার প্রেক্ষিতে ভেরিয়েশন প্রস্তাবে ৬ ইউনিট গেট লজের পরিবর্তে ৩ ইউনিট গেট লজ নির্মাণের সংস্থান রাখা হয়েছে। ঠিকাদারি প্রতিষ্ঠান কর্তৃক ৬ ইউনিট গেট লজ নির্মাণের ফাউন্ডেশনে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। চুক্তিপত্রটির জন্য নির্ধারিত IPC তে বর্ণিত আইটেমের বিপরীতে চলতি বিল প্রদান করা হয়। এক্ষেত্রে Detail Measurement করা হয়নি। Variation প্রস্তাব প্রেরণের প্রাক্কালে বিভিন্ন আইটেমের Detail Measurement করে প্রকৃত বাস্তব পরিমাণ বের করা হয়েছে। ভেরিয়েশন প্রস্তাব অনুমোদনের পরেই সম্পূরক চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে। সম্পূরক চুক্তিপত্র অনুযায়ী IPC-7 এ আইটেমটির পরিমাণ সমন্বয় করা হয়েছে। এ সংক্রান্ত নকশার কিছু অংশ গত ২৭/১২/২০১৭ খ্রিঃ তারিখে অনুমোদিত হয়। কিন্তু প্রকল্প পরিচালক কর্তৃক পত্রের মাধ্যমে খসড়া নকশা মোতাবেক কাজ চলমান রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

জবাব স্বীকৃতিমূলক। কারণ জবাবে বলা হয়েছে ভেরিয়েশন প্রস্তাবে ৬ ইউনিট গেট লজের পরিবর্তে ৩ ইউনিট গেট লজ নির্মাণের সংস্থান রাখা হয়েছে। কিন্তু ভেরিয়েশন প্রস্তাব অনুমোদনের পূর্বেই ৩ ইউনিটের গেট লজ নির্মাণ করে ৬ ইউনিটের গেট লজ নির্মাণ দেখিয়ে সম্পূর্ণ বিল ৩৬,৮৫,০৯৬/৮০ টাকা পরিশোধ করা হয়েছে। IPC-7 এ আইটেমটির পরিমাণ সমন্বয়ের কথা বলা হলেও অতিরিক্ত পরিশোধিত টাকা ১৬,২৭,৯২০/- সমন্বয় বা আদায়ের কোন প্রমাণক প্রেরণ করা হয়নি। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা দুর্বল থাকার কারণে নির্মাণ কাজের নকশা অনুমোদন ছাড়াই প্রকৃত কাজ অপেক্ষা ঠিকাদারকে অতিরিক্ত কাজের বিল পরিশোধ করা হয়। এই অনিয়মের বিষয় উল্লেখ করে আপত্তিটি ১১/০৭/২০১৮ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর জারি করা হয়। পরবর্তীতে ১৩/০৮/২০১৮খ্রিঃ তারিখে ১ম তাগিদপত্র ও ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ২য় তাগিদপত্র এবং ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

উপরিউক্ত বর্ণনার আলোকে অতিরিক্ত অর্থ পরিশোধের দায়দায়িত্ব নির্ধারণ করে আপত্তিকৃত টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-০৭।**

**শিরোনামঃ** **কাজ অসমাপ্ত থাকা অবস্থায় লেভেল ক্রসিং গেটের পুনর্বাসন কাজের জন্য অনিয়মিতভাবে ৩৫,০০,০০০.০০ (পঁয়ত্রিশ লক্ষ) টাকা পরিশোধ।**

**বিবরণ ঃ**

বাংলাদেশ রেলওয়ের হাইটেক পার্কের জন্য মির্জাপুর ও মৌচাক স্টেশনের মধ্যবর্তী কালিয়াকৈর এ একটি বি ক্লাস স্টেশন নির্মাণ প্রকল্প, পশ্চিমাঞ্চল/রাজশাহী এর ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ১৯/০৩/২০১৮ হতে ২৯/০৩/২০১৮ খ্রিঃ পর্যন্ত স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র, চুক্তিপত্র ও বিল ভাউচারসমূহের হিসাব পর্যালোচনাকালে দেখা যায়, Sub- section C: track অংশের ক্রঃ নং-২৩ BOQ item C-13.1.1(a) rehabilitation of level crossing gate in all respects complete (as per BR approved drawing) including repairs to road surface (670 sqm), road and rail signal, gate post, supply and installation of gate barrier, speed breaker etc. complete ইত্যাদি সংশ্লিষ্ট চুক্তিবদ্ধ ঠিকাদারকে ০১ সেট কাজের জন্য (বর্ণিত কাজগুলো ০১ টি সেট/সংখ্যা হিসেবে ধরা হয়েছে) ২৮/০৬/২০১৭ খ্রিঃ তারিখে ৩৫,০০,০০০/- টাকার বিল পরিশোধ করা হয়। কিন্তু গত ১০/০৪/২০১৮ খ্রিঃ তারিখে সরেজমিনে বর্ণিত কাজগুলো যাচাইকালে দেখা যায়, আলোচ্য আইটেমের অন্তর্ভুক্ত ৬৭০ বর্গমিটারের রোড সারফেস, রেল সিগন্যাল, গেট পোস্ট এবং বেরিয়ার পোল স্থাপন, দুই পাশে স্পিড ব্রেকার এর কাজ ও ০৬ টি ডবল Check Rail বসানোর কথা থাকলেও তা করা হয়নি। তাই উপরোল্লিখিত আইটেমগুলোর কাজ যেখানে ১০/০৪/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে আরম্ভ করা হয়নি, সেখানে কিভাবে প্রায় ০৯ মাস পূর্বে ৩০/০৬/২০১৭ খ্রিঃ তারিখে এই আইটেমগুলোর বিপরীতে সম্পূর্ণ কাজের বিল বাবদ ৩৫,০০,০০০/- টাকা সংশ্লিষ্ট ঠিকাদারকে পরিশোধ করা হয়েছে তা সুস্পষ্ট নয়। এই পরিশোধ সম্পূর্ণ অনিয়মিত।

**অনিয়মের কারণঃ**

কাজ সম্পাদন না করেই কাজের বিপরীতে সম্পূর্ণ বিল পরিশোধ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ**

কালিয়াকৈর স্টেশন সংলগ্ন লেভেল ক্রসিং গেটের হাইওয়েটি সড়ক ও জনপথ বিভাগের। শুধুমাত্র লেভেল ক্রসিং গেট অংশের সামান্য রাস্তাটুকু বাংলাদেশ রেলওয়ের। BOQ Item C-13.1.1(a) তে বর্ণিত ৬৭০ বর্গমিটারের রোড সারফেসের কাজ সমাপ্ত করায় মাঠ পর্যায় হতে প্রেরিত বিলের প্রেক্ষিতে ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে বিল প্রদান করা হয়েছে। গেট বেরিয়ারের জন্য প্রয়োজনীয় মালামাল সংশ্লিষ্ট এসএসএই/ওয়ার্কস/প্রকল্প (এসএসএই/ ওয়ার্কস, জয়দেবপুর) কর্তৃক বুঝে নেয়া হয়েছে। উল্লেখ্য যে, বাংলাদেশ রেলওয়ে কর্তৃক ভবিষ্যতে জয়দেবপুর হতে ঈশ্বরদী পর্যন্ত ডাবল লাইন কাজ সম্পন্ন করার প্রস্তাব রয়েছে। ডাবল লাইনের জন্য প্রয়োজনীয় জায়গা রেখে নিরাপদ দূরত্বে লেভেল ক্রসিং গেটের গুমটি ঘর ও সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনা নির্মাণ করা হয়েছে।

গেট বেরিয়ারটি চালু করা হয়েছিল। কিন্তু প্রকল্প এলাকায় কাজের জন্য এক্সকেভেটর, রোলার ও অন্যান্য ভারী যন্ত্রপাতি ইত্যাদি নিয়ে গেট বেরিয়ারটির জন্য অবাধে চলাচল করা সম্ভবপর হচ্ছিল না। তাই প্রকল্পের কাজের স্বার্থে গেইট বেরিয়ারটি খুলে প্রকল্প এলাকায় রাখা হয়েছে। পুরাতন গেট বেরিয়ারটি দিয়ে লেভেল ক্রসিং গেটের যানবাহন নিয়ন্ত্রণ করা হচ্ছে। সুবিধাজনক সময়ে পুনরায় গেট বেরিয়ারটি চালু করা হবে। এছাড়াও ৬টি ডাবল চেক রেল বসানো হওয়ায় মাঠ পর্যায় হতে প্রেরিত বিলের প্রেক্ষিতে ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে বিল প্রদান করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

জবাব পর্যালোচনা করা হল। জবাবে প্রথমে বলা হয়েছে যে, ৬৭০ বর্গমিটারের রোড সারফেসের কাজ সমাপ্ত হয়েছে। কিন্তু গত ১০/০৪/২০১৮ খ্রিঃ তারিখে মাঠ পর্যায়ে সরেজমিনে বাস্তব যাচাইয়ে বর্ণিত রোড সারফেসের কাজ দেখতে পাওয়া যায়নি। কাজের অগ্রগতি না দেখে, যাচাই না করে প্রকৃত কাজ অপেক্ষা ঠিকাদারকে অতিরিক্ত বিল প্রদান করা হয়। এই অনিয়মের বিষয় উল্লেখ করে আপত্তিটি ১১/০৭/২০১৮ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর জারি করা হয়। পরবর্তীতে ১৩/০৮/২০১৮খ্রিঃ তারিখে ১ম তাগিদপত্র ও ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ২য় তাগিদপত্র এবং ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

লেভেল ক্রসিং গেটের পুনর্বাসন কাজ অসমাপ্ত রেখে বিল পরিশোধের ব্যাপারে দায়দায়িত্ব নির্ধারণ করা জরুরি। একইসাথে অনিয়মিতভাবে পরিশোধিত অর্থ সমন্বয়/আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ অডিট অধিদপ্তর বরাবর প্রেরণ করা আবশ্যক এবং এই অনিয়ম পুনরাবৃত্তি রোধকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো।

**অনুচ্ছেদ নং-৮।**

**শিরোনামঃ রোড সারফেস এর কাজ না করেই ৬৮,২৫,০০০.০০ (আটষট্টি লক্ষ পঁচিশ হাজার) টাকার বিল পরিশোধ।**

**বিবরণ ঃ**

বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের লেভেল ক্রসিং গেটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন প্রকল্পের ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ০২/০২/২০১৮ হতে ১৮/০৩/২০১৮ খ্রিঃ পর্যন্ত স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষা সংশ্লিষ্ট ডিইএন-২/পাকশী কার্যালয় এবং এর অধীন অফিসসমূহে রক্ষিত প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র, চুক্তিপত্র ও বিল ভাউচারসহ হিসাব পর্যালোচনাকালে দেখা যায়, আলোচ্য প্রকল্পে চুক্তিবদ্ধ ১৫১২ টি উডেন স্লিপার কাজ শুরুর প্রথমেই সরবরাহ/পাসিং করার কথা থাকলেও ঠিকাদার কর্তৃক উল্লিখিত ১৫১২ টি উডেন স্লিপার গত ১৩/০৮/২০১৭ খ্রিঃ তারিখে সরবরাহ/পাসিং করা হয়। অর্থাৎ চুক্তি সম্পাদনের প্রায় ০১ বছর ০৫ মাস পরে উডেন স্লিপার সরবরাহ করা হয়।

- আলোচ্য প্রকল্পে চুক্তিবদ্ধ ১২৯৫০ বর্গমিটার রোড সারফেস এর মধ্যে ২০১৬-২০১৭ অর্থ বছরে ৬৮২৫ বর্গমিটার রোড সারফেস এর জন্য (প্রতি বর্গমিটারের জন্য ১,০০০/- টাকা হিসাবে) ৬৮,২৫,০০০/- টাকার বিল পরিশোধ করা হয়।
- একদিকে পি-ওয়ে ফিটিংস এর মালামাল যেমন- উডেন স্লিপার ২০১৭-২০১৮ অর্থ বছরে পাসিং করা হয়। অন্যদিকে পূর্ববর্তী অর্থ বছর অর্থাৎ ২০১৬-২০১৭ অর্থ বছরে ৬৮২৫ বর্গমিটার রোড সারফেস এর জন্য ৬৮,২৫,০০০/- টাকার (রোড সারফেসের জন্য মোট চুক্তির ৫২.৭০%) বিল পরিশোধ করা হয়। উডেন স্লিপার পি-ওয়ে ফিটিংস এর একটি অংশ এবং চুক্তি অনুযায়ী উডেন স্লিপারের সাথে পি-ওয়ে মালামালের ফিটিংস সম্পন্ন করার পর রোড সারফেস এর কাজ সম্পন্ন করতে হবে এবং সম্পাদিত কাজের পরিমাণের ভিত্তিতে রোড সারফেসের বিল পরিশোধ করা হবে।
- বর্ণিত প্রকল্পের চুক্তিপত্রের PCC Section 2.30 road surface অংশে বলা আছে "payment shall be made after completing the all items of works related to repairs/construction of road in a level crossing gate".
- কিন্তু পি-ওয়ে মালামালের ফিটিংস সম্পন্ন করার পূর্বে রোড সারফেসের বিল পরিশোধ করা হয়েছে। চুক্তিপত্রের উক্ত শর্ত সুস্পষ্টভাবে লংঘন করা হয়েছে। তাছাড়া মাঠ পর্যায়ে ০৩ টি এইএন অফিসের অধীন ১০টি লেভেল ক্রসিং গেটের (এইএন/পাকশীর গেট নং-ই/৩৮, ই/২, ই/১-এ, টি/৩৭, ই/১ এইএন/পার্বতীপুরের গেট নং-ই/১২৮, ই/১৩৪, ই/১৩৬ ও এইএন/ জয়দেবপুরের গেট নং-ই/৩, ই/৪) গুমটি ঘর নির্মাণ ও এর সাথে রোড সারফেসসহ অন্যান্য পি-ওয়ে ফিটিংস মালামাল স্থাপনের কাজ সরেজমিনে যাচাইকালেও দেখা যায় বর্ণিত ১০টি গেটে কোন প্রকারের রোড সারফেসের কাজ করা হয়নি।

**অনিয়মের কারণঃ**

Particular Conditions of Contract (PCC) Section 2.30 এর ব্যত্যয় ঘটিয়ে রোড সারফেস এর কাজ না করেই বিল পরিশোধ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ**

চুক্তিপত্রের অন্তর্ভুক্ত গেটসমূহের মধ্যে ১২ টি গেট (ই/৪০-এ, টি/৪৫, ই/৪৯, টি/৫০, ই/৫৫, ই/৬২, ই/২৯, ই/৩৩, ই/৩৩-এ, টি/২০, ই/২৬, টি/১২) এ পি-ওয়ে কাজের সংস্থান ছিল না, যে ক্ষেত্রে সারফেস এর পরিমাণ ২২৯৫ বর্গমিটার এবং যার মূল্য ২২,৯৫,০০০/- টাকা। এছাড়া, চুক্তিপত্র সম্পাদনের সাথে সাথেই পি-ওয়ে কাজের সংস্থান ছিল এমন কিছু গেটে রোড সারফেস অত্যধিক খারাপ থাকার কারণে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রীসহ

বিভিন্ন গণ্যমান্য ব্যক্তিদের সফরের প্রাক্কালে জরুরি বিবেচনায় এবং জনসাধারণের নিরাপত্তা ও নিরাপদ ট্রেন চলাচল অব্যাহত রাখার স্বার্থে ঐ সকল গেটে রোড সারফেস মেরামত করা হয়েছে বিধায় পি-ওয়ে কাজের পূর্বেই কিছু গেটের বিল প্রদান করা হয়েছে। পরবর্তীতে সেসব গেটে পি-ওয়ের কাজ করা হলে পুনরায় রোড সারফেস কাজ করা হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

প্রদত্ত জবাবে যে ১২টি গেটের কথা বলা হয়েছে তা কোন এইএন এর অধীন তার উল্লেখ করা হয়নি। তাছাড়া, অবশিষ্ট ৪৫,৩০,০০০/- টাকা (৬৮,২৫,০০০/- - ২২,৯৫,০০০/-) মূল্যের রোড সারফেসের কাজ কোথায় এবং কোন কোন গেটে করা হয়েছে তারও উল্লেখ নেই। এখানে জরুরি বিবেচনায় এবং নিরাপদ ট্রেন চলাচল অব্যাহত রাখার স্বার্থে কিছু গেটে রোড সারফেস করা হয়েছে মর্মে বলা হলেও আলোচ্য কাজগুলি মূলত রাজস্ব বাজেট থেকে করা হয়। কাজেই এই ক্ষেত্রে রোড সারফেসের কাজ হয়েছে বলে বলা হলেও এটি গ্রহণযোগ্য নয় এবং বর্ণিত প্রেক্ষাপটে ৬৮,২৫,০০০/- টাকা বিল পরিশোধের যৌক্তিকতা প্রতিষ্ঠিত নয়। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা দুর্বল থাকার কারণে কাজ না করেই মূল্য পরিশোধ করা হয়েছে যা আর্থিক শৃঙ্খলার পরিপন্থি। এই অনিয়মের বিষয় উল্লেখ করে আপত্তিটি ১১/০৭/২০১৮ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর জারি করা হয়। পরবর্তীতে ১৩/০৮/২০১৮খ্রিঃ তারিখে ১ম তাগিদপত্র ও ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ২য় তাগিদপত্র এবং ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

রোড সারফেস এর কাজ না করেই ৬৮,২৫,০০০/- টাকার বিল পরিশোধের দায়দায়িত্ব নির্ধারণসহ আপত্তিকৃত অর্থ আদায়/সমন্বয় করে সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণকসহ জবাব অডিট অধিদপ্তর বরাবর প্রেরণ করা আবশ্যক এবং এই অনিয়ম পুনরাবৃত্তি রোধকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো।

**অনুচ্ছেদ নং-০৯।**

**শিরোনাম ঃ এসএসএই/ওয়ে/রাজবাড়ী হতে এসএসএই/ওয়ে/কুষ্টিয়াকে সরবরাহকৃত ২,৮৯,২৭,৫০০.০০ (দুই কোটি উননব্বই লক্ষ সাতাশ হাজার পাঁচশত) টাকা মূল্যের ২৯০০টি নতুন বিজি স্টিল স্লিপার স্টোর রিটার্নে অন্তর্ভুক্ত না থাকা জনিত অনিয়ম।**

**বিবরণঃ**

প্রধান প্রকৌশলী/পশ্চিম, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহীর অধীন বিভাগীয় প্রকৌশলী-১, বাংলাদেশ রেলওয়ে, পাকশী কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ২৬/০১/২০১৮ হতে ১৩/০২/২০১৮খ্রিঃ পর্যন্ত স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে পরিলক্ষিত হয় যে, বিভাগীয় প্রকৌশলী/বাংলাদেশ রেলওয়ে, পাকশী কার্যালয়ের পত্র নং-১৯৫-এস/১/পাকশী/সিও/জেএস/ আরবি/১৭; তারিখঃ ১৬/০৩/১৭ খ্রিঃ এর মাধ্যমে এসএসএই/ওয়ে/ রাজবাড়ী হতে ২৯০০ টি বিজি নতুন স্টিল স্লিপার এসএসএই/ওয়ে/কুষ্টিয়াকে সরবরাহ করার জন্য এসএসএই/ ওয়ে/ রাজবাড়ীকে নির্দেশ প্রদান করা হয়। এসএসএই/ওয়ে/কুষ্টিয়া এর মার্চ/২০১৭ এর স্টোর রিটার্নে ৭৫৭০ টি নতুন স্টিল স্লিপার রয়েছে। এপ্রিল/২০১৭ এর স্টোর রিটার্নে এর পরিমাণ বেড়ে ৭৮৪০ টি হয়েছে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, এসএসএই/ওয়ে/ রাজবাড়ী হতে ২০/০৩/২০১৭ খ্রিঃ তারিখে সরবরাহকৃত ২৯০০টি নতুন বিজি স্টিল স্লিপার এসএসএই/ওয়ে/ কুষ্টিয়ার এপ্রিল/২০১৭ এর স্টোর রিটার্নে উল্লেখ নেই। চুক্তিপত্র নং-৫৪.০১.৮১০০.১৫৫. ০৫.০৩১.১৬/৫৭; তারিখঃ ১১/০৮/২০১৬ খ্রিঃ এর আওতায় প্রতিটি স্লিপারের মূল্য ৯,৯৭৫/- টাকা হিসেবে ২৯০০ টি স্লিপারের মূল্য (৯,৯৭৫ × ২,৯০০) = ২,৮৯,২৭,৫০০/- টাকা।

**অনিয়মের কারণঃ**

Store Code এর প্যারা ১৬১০ মোতাবেক বিজি স্টিল স্লিপার স্টোর রিটার্নে অন্তর্ভুক্ত না করা।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ**

বিভাগীয় প্রকৌশলী/১/পাকশীর দপ্তরে ২০১৬-২০১৭ অর্থ বছরের উত্থাপিত অডিট আপত্তির বিপরীতে জানানো যাচ্ছে যে, Package No.GD-47:-At RB Railway siding:- Supply of 5000 Nos BG steel sleeper through sleeper (90 lbs "A" Rail) for maintenance of track In SSAE/Way/R.B, jurisdiction under DEN/1/Pxc and related services কাজের বিপরীতে এসএসএই/ওয়ে/রাজবাড়ী ১১/৩/২০১৭ খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান রহিম ইঞ্জিনিয়ারিং লিঃ এর নিকট হতে চালানের মাধ্যমে গ্রহণ করেন। এসএসএই/ওয়ে/কুষ্টিয়া সেকশনের রেলওয়ে ট্র্যাক রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহারের জন্য অত্রদপ্তরের পত্র নং-১৯৫-এস/১/পাকশী/সিও/জেএস/আরবি/১৭; তারিখঃ ১৬/০৩/২০১৭ খ্রিঃ এর মাধ্যমে নির্দেশ প্রদান করা হয়। উক্ত নির্দেশের প্রেক্ষিতে এসএসএই/ওয়ে/কুষ্টিয়া ইস্যু নোটের মাধ্যমে

গ্রহণপূর্বক রেলওয়ে ট্র্যাক জরুরিভাবে ফিট প্রদান করা হয়। এতে কোন আর্থিক অনিয়ম হয়নি। অতএব, উত্থাপিত অডিট আপত্তিটি নিষ্পত্তি হিসেবে গণ্য করার জন্য অনুরোধ করা হলো।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব পর্যালোচনা করা হলো। জবাবে কি আইটেম গৃহীত কিংবা কতটি গৃহীত ইত্যাদি কিছু উল্লেখ করা নেই। তাছাড়া, এসএসএই/ওয়ে/রাজবাড়ী হতে ইস্যুকৃত ২৯০০টি নতুন স্টিল স্লিপার এসএসএই, ওয়ে, কুষ্টিয়া এর স্টোর রিটার্নে পাওয়া যায়নি। এছাড়া এসএসএই/ওয়ে/কুষ্টিয়া এর মজুদে প্রচুর পরিমাণে নতুন স্টিল স্লিপার রয়েছে। প্রচুর পরিমাণে স্টিল স্লিপার মজুদে থাকা সত্ত্বেও এসএসএই, ওয়ে, রাজবাড়ী এর জন্য ক্রয়কৃত নতুন স্টিল স্লিপার এসএসএই, ওয়ে কুষ্টিয়ার জন্য ইস্যু করা স্বাভাবিক নয়। এই অনিয়মের বিষয় উল্লেখ করে আপত্তিটি ১১/০৭/২০১৮ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর জারি করা হয়। পরবর্তীতে ১৩/০৮/২০১৮খ্রিঃ তারিখে ১ম তাগিদপত্র ও ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ২য় তাগিদপত্র এবং ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

এ বিষয়ে তদন্তপূর্বক সরকারি প্রাপ্য অর্থ আদায়ের (প্রযোজ্য হলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। অন্যথায়, তদন্ত প্রতিবেদন, প্রতিবেদনের ভিত্তিতে যথাযথ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত প্রমাণক ও যথার্থ জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-১০।**

**শিরোনামঃ ২,৮৫,৯০,২৭৯.০০ (দুই কোটি পঁচাশি লক্ষ নব্বই হাজার দুইশত উনআশি) টাকার মালামালের বিপরীতে চালান না পাওয়া, হিসাবভুক্ত না হওয়া এবং মজুদ রেজিস্টারে এন্ট্রি না করা জনিত অনিয়ম।**

**বিবরণঃ**

প্রধান যন্ত্র প্রকৌশলী/পূর্ব, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম এর অধীন বিভাগীয় যন্ত্র প্রকৌশলী/ক্যারেজ এন্ড ওয়াগন/বাংলাদেশ রেলওয়ে/ঢাকা কার্যালয়ের অধীন এসএসএই/হেডটিএক্সআর/ঢাকা কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ১৭/০২/২০১৮ হতে ০৮/০৩/২০১৮ খ্রিঃ পর্যন্ত স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষায় SR (Special Recoupment), চুক্তিপত্র, R-Note, Tally Card ও চালানের কপি হতে দেখা যায়, এসএসএই/হেডটিএক্সআর, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা হতে প্রেরিত SR (Special Recoupment) এর মাধ্যমে প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম কর্তৃক ক্যারেজ এন্ড ওয়াগন এ ব্যবহৃত ১৯,১৭,৩১৬/- টাকার ২২ (বাইশ) প্রকার পণ্য ০৩/০৮/২০১৬ খ্রিঃ তারিখে ক্রয় করা হয়। কিন্তু ক্রয়ের পর নিরীক্ষাকালীন সময়ে ১৯/০৩/২০১৮ খ্রিঃ তারিখে এসএসএই/হেডটিএক্সআর, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা দপ্তরে উক্ত পণ্যসমূহ হিসাবভুক্ত পাওয়া যায়নি **[পরিশিষ্ট-৭]**।

এছাড়াও এসএসএই/হেডটিএক্সআর, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা দপ্তর হতে ২০১৬-২০১৭ অর্থ বছরে স্থানীয় বাজার হতে ঠিকাদারের মাধ্যমে বিভিন্ন মালামাল সরবরাহ নেওয়া হয়। ক্রয়কৃত মালামালগুলোর মধ্যে ৬৫টি চালানের কপিতে ২,৬৬,৭২,৯৬৩/- টাকা মূল্যের মালামাল গ্রহণের প্রমাণ থাকলেও মালামালসমূহ মজুদ রেজিস্টারে হিসাবভুক্ত করার কোন প্রমাণক পাওয়া যায়নি। গৃহীত মালামালগুলো মজুদ রেজিস্টারে হিসাবভুক্ত না করার ফলে কি পরিমাণ মালামাল গ্রহণ করা হয়েছে বা কোন কোন মালামাল বাস্তবে স্টকে থাকার কথা তা নিরীক্ষাকালীন অডিট কর্তৃক যাচাই করা যায়নি। চালানে গৃহীত মালামালসমূহ মজুদ রেজিস্টারে হিসাবভুক্ত না করার বিষয়টি স্পষ্টীকরণ আবশ্যক **[পরিশিষ্ট-৭(১)]**।

**অনিয়মের কারণঃ**

Store Code এর প্যারা ১২০৪ ও ১২০৬ মোতাবেক ক্রয়কৃত/গৃহীত পণ্য হিসাবভুক্ত না করা।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ**

মালামালগুলি এই ডিপোর স্টোরে মজুদ আছে। মালামালগুলির অনুকূলে চালানপত্র না পাওয়ায় টালি কার্ডে রেকর্ডভুক্ত করা সম্ভব হয় নাই। চালানপত্র পাওয়া স্বাপেক্ষে টালি কার্ডে রেকর্ডভুক্ত করে জানানো হবে। রেজিস্টারগুলো হালনাগাদ করা হচ্ছে। হালনাগাদ হওয়ার পর জবাব দেয়া হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব পর্যালোচনা করা হলো। মালামালগুলির ক্রয় চুক্তি সম্পাদন হয় ০৩/০৮/২০১৬ খ্রিঃ তারিখে ০৩টি এবং ০৭/০৮/২০১৬ খ্রিঃ তারিখে ০১টি। মোট ০৪টি চুক্তির বিপরীতে প্রাপ্ত মালামালের R-Note ইস্যু করা হয় ০৮/০৮/২০১৬ খ্রিঃ তারিখে ০২টি এবং ০৯/০৮/২০১৬ খ্রিঃ তারিখে ০২টি। ক্রয়ের দীর্ঘ সময় পরও (এক হতে দেড়/দুই বছর) চালান না পাওয়া কিংবা মালামাল হিসাবভুক্ত না করার পক্ষে কোন গ্রহণযোগ্য ব্যাখ্যা প্রদান করা হয়নি। দীর্ঘ সময় পার হওয়ার পর মালামালের চালান না পাওয়া এবং টালিকার্ডে অন্তর্ভুক্ত না করার বিষয়টি কোনভাবেই গ্রহণযোগ্য নয়। এ ধরনের পরিস্থিতিতে সংশ্লিষ্ট মালামালগুলো ক্রয় করা হয়েছে কিনা কিংবা আদতে গৃহীত হয়েছে কিনা এ বিষয়ে প্রশ্ন উত্থাপন করার সুযোগ সৃষ্টি হয়েছে।

চালানের কপি যথাসময় না পাওয়া এবং টালিকার্ডে অন্তর্ভুক্ত না করা ইত্যাদি কারণে মালামালের ক্রয়, সরবরাহ নিশ্চিত করা সম্ভব হয়নি। এই অনিয়মসমূহের বিষয় উল্লেখ করে আপত্তিটি ১১/০৭/২০১৮ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর জারি করা হয়। পরবর্তীতে ১৩/০৮/২০১৮খ্রিঃ তারিখে ১ম তাগিদপত্র ও ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ২য় তাগিদপত্র এবং ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

উল্লেখ্য, ইতোপূর্বে এই আপত্তির অনুরূপ আপত্তি ২০০৬-২০০৭ হতে ২০০৮-২০০৯ অর্থ বছরের ইস্যুভিত্তিক অডিট রিপোর্টের অনুচ্ছেদ নং-০৩, পৃষ্ঠা-১৩ এ অন্তর্ভুক্ত হয়। যার শিরোনাম "বিভিন্ন অফিস হতে ইস্যু নোটের মাধ্যমে প্রেরিত মালামাল প্রাপক অফিসে না পাওয়ায় এবং তা হিসাবভুক্ত না থাকায় সরকারের ক্ষতি"। আপত্তিটি ১০ম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৪তম বৈঠকে আলোচনা হয় এবং সংশ্লিষ্ট কার্যবিবরণীর ক্রমিক ৭.১.৪ এর মাধ্যমে সিদ্ধান্ত প্রদান করা হয় যে, ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট প্রমাণক নিরীখ কর্তৃপক্ষকে সরবরাহ করতে হবে। প্রমাণক যাচাই সাপেক্ষে সঠিক পাওয়া গেলে আপত্তিটি নিষ্পত্তি হয়েছে বলে গণ্য হবে। তবে ভবিষ্যতে পুনঃ মিলকরণ প্রক্রিয়া যথাযথ ও তাৎক্ষণিকভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুশাসন প্রদান করা হলো। ১০ম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৭১তম বৈঠকে পুনরায় আলোচনা হয় এবং সংশ্লিষ্ট কার্যবিবরণীর ক্রমিক ৭.১.৩ এর মাধ্যমে সিদ্ধান্ত প্রদান করা হয় যে, "অনধিক ৩০ দিনের মধ্যে মন্ত্রণালয় নিরীখ কর্তৃপক্ষের প্রতিনিধির সাথে বসে আপত্তিটির বিষয়ে যৌথ সুপারিশ প্রণয়নপূর্বক তা কমিটিকে অবহিত করার অনুশাসন প্রদান করা হলো।"

**নিরীক্ষার সুপারিশঃ**

অডিটি প্রতিষ্ঠানের জবাবের আলোকে মালামাল গ্রহণের চালান এবং হিসাবভুক্তির প্রমাণকসহ জবাব প্রদান আবশ্যক। একই সাথে চালান প্রাপ্তিতে বিলম্ব ও হিসাবভুক্তির বিলম্ব ইত্যাদি বিষয়গুলো তদন্ত করে তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-১১।**

**শিরোনামঃ বাস্তবে মজুদে পণ্য না থাকায় ১৫,০৩,৫৭৪.০০ (পনের লক্ষ তিন হাজার পাঁচশত চুয়াত্তর) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণঃ**

জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক/পাহাড়তলী, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম দপ্তরের ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ২৩/০২/২০১৮ খ্রিঃ হতে ০১/০৩/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষায় প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম অফিসে ক্রয়ের উদ্দেশ্যে প্রেরিত SR (Special Recoupment), চুক্তিপত্র, R-Note, Stock Card ও পণ্যের মজুদ বাস্তবে যাচাই করা হয়। বাস্তব যাচাইয়ে দেখা যায় জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক/পাহাড়তলী, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম দপ্তরের Special Recoupment এর প্রেক্ষিতে প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম সীমিত দরপত্র পদ্ধতির মাধ্যমে ১৫,০৩,৫৭৪/- টাকার J. variable resistance for main supply 0.20 ohms & 3 ohms 25 watt ক্রয়ের দুটি চুক্তি সম্পাদন করেন। চুক্তির প্রেক্ষিতে পণ্য দু'টি সরবরাহকারী কর্তৃক সরবরাহের পর জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক/পরিদর্শন R-Note ইস্যু করেন। কিন্তু জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক/পাহাড়তলী দপ্তরের মজুদ যাচাইয়ে দেখা যায় পণ্য দু'টি Stock Card এ অন্তর্ভুক্ত নেই এবং ডিপোতেও বাস্তবে মজুদ নেই। অথচ পণ্য দু'টি জরুরি প্রয়োজন দেখিয়ে কেনা হয়েছিল **[পরিশিষ্ট-৮]**।

**অনিয়মের কারণঃ**

Store Code এর প্যারা ১২০৬ মোতাবেক সরবরাহকৃত পণ্যের মজুদ বাস্তবে না পাওয়া।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ**

জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক/পরিদর্শন হতে R-Note জারি করা হলেও অদ্যাবধি এর ৫ম ও ৬ষ্ঠ ফয়েল অত্র ডিপোতে না আসার কারণে Stock Card এ লিপিবদ্ধ করা হয়নি। মালামালসহ R-Note এর ৫ম ও ৬ষ্ঠ ফয়েল আসা মাত্রই ডিপোর কার্যক্রম গ্রহণ শেষে কার্ডে লিপিবদ্ধ করে ৫ম ফয়েল হিসাব বিভাগে প্রেরণ করা হবে এবং মালামাল গ্রহণপূর্বক ৬ষ্ঠ ফয়েল জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক/পরিদর্শন এ প্রেরণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব গ্রহণযোগ্য নয়। ০৫/০৬/২০১৭ খ্রিঃ তারিখে R-Note ইস্যু করা হয়েছে, কিন্তু অদ্যাবধি (অডিট শেষ কালীন সময়ে) মালামাল ডিপোতে প্রাপ্ত হয়নি। জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক/পরিদর্শন শাখা হতে জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক/পাহাড়তলী এর দূরত্ব ০১ কিলোমিটারের কম। ফলে ১০ মাস সময় অতিবাহিত হওয়ার পরও মালামাল না পৌঁছানোয় মালামাল ক্রয় না করার সম্ভাবনা পরিলক্ষিত হয় (ডিপোতে বাস্তবে মজুদ পাওয়া যায়নি)। এই অনিয়মের বিষয় উল্লেখ করে আপত্তিটি ১২/০৭/২০১৮ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর জারি করা হয়। পরবর্তীতে ১৩/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ১ম তাগিদপত্র ও ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ২য় তাগিদপত্র এবং ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

মালামাল বাস্তবে পাওয়া গেলে Stock Card এ লিপিবদ্ধ করে প্রমাণকসহ জবাব অডিট অধিদপ্তর বরাবর প্রেরণ করা আবশ্যক। একইসাথে জরুরি প্রয়োজনে ক্রয় দেখিয়ে প্রেরিত মালামাল সময়মত ডিপোতে না পাওয়ার বিষয়টি তদন্তপূর্বক দায়দায়িত্ব নির্ধারণ করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা জরুরি।

**অনুচ্ছেদ নং-১২।**

**শিরোনামঃ দরপত্রে অংশগ্রহণ না করা সত্ত্বেও বিধিবহির্ভূতভাবে মেসার্স রোজলীন ট্রেডার্স এর সঙ্গে ১,৩৯,০৯,৮০০.০০ (এক কোটি ঊনচল্লিশ লক্ষ নয় হাজার আটশত) টাকার চুক্তি সম্পাদন ও ঠিকাদার নিয়োগে গুরুতর অনিয়ম।**

**বিবরণঃ**

বাংলাদেশ রেলওয়ের ঈশ্বরদী হতে পাবনা হয়ে ঢালারচর পর্যন্ত রেলপথ নির্মাণ প্রকল্পের ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরের কর্ম সম্পাদনের ভিত্তিতে RDPP ভুক্ত প্যাকেজ WD-7 (Lot-A) সংশ্লিষ্ট দরপত্র, চুক্তিপত্র, বিল নথি ও সংশ্লিষ্ট অন্যান্য নথিসমূহ ২৭/০১/২০১৮ হতে ০৯/০৩/২০১৮খ্রিঃ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয় । নিরীক্ষাকালে নিম্নোক্ত গুরুতর অনিয়ম পরিলক্ষিত হয় **[পরিশিষ্ট-৯]**।

প্যাকেজ WD-7 (Lot-A) এর মাধ্যমে ঈশ্বরদী- পাবনা সেকশনে Non interlocked colour light signaling system স্থাপনের উদ্দেশ্যে ১৬/০২/২০১৬ খ্রিঃ তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তির (OTM) মাধ্যমে দরপত্র আহ্বান করা হয়। উক্ত দরপত্র প্রক্রিয়াকরণ শেষে **১ম** সর্বনিম্ন দরদাতা হিসেবে মোঃ বদরুল আলমকে রেসপনসিভ বিবেচনা করে দরপত্র মূল্যায়ন ও অনুমোদন করা হয়। এতদ্‌প্রেক্ষিতে ১৪/৮/২০১৬ খ্রিঃ তারিখে NOA প্রদান করা হয়। কিন্তু ২৪/০৮/২০১৬ খ্রিঃ তারিখে মোঃ বদরুল আলমের এক আবেদন এবং আমমোক্তারনামার (Power of Attorney) প্রেক্ষিতে একই তারিখে ক্রয়কারী কর্তৃক সম্পূর্ণ বিধিবহির্ভূতভাবে দরদাতা মোঃ বদরুল আলম কর্তৃক মনোনীত মেসার্স রোজলীন ট্রেডার্সের সাথে ১,৩৯,০৯,৮০০/- টাকার চুক্তি সম্পাদন করে। উল্লিখিত চুক্তি স্বাক্ষর তথা ঠিকাদার নিয়োগের ক্ষেত্রে পিপিআর/২০০৮, বিধি-১০২(৪) এবং সিপিটিইউ কর্তৃক জারীকৃত পণ্য, কার্য, সেবা ক্রয়ের আদর্শ দলিলসমূহ (Standard Tender Documents) STD এর PW-3 তে উল্লেখিত General Condition of Contract (GCC) এর Para-8 Assignment অনুসরণ করা হয়নি অর্থাৎ চুক্তিতে আবদ্ধ ঠিকাদার আদৌ দরপত্রে অংশগ্রহণ করেনি।

**অনিয়মের কারণঃ**

পিপিআর/২০০৮ এর বিধি-১০২(৪) এবং সিপিটিইউ কর্তৃক জারীকৃত পণ্য, কার্য, সেবা ক্রয়ের আদর্শ দলিলসমূহ (Standard Tender Documents) STD এর PW-3 তে উল্লেখিত General Condition of Contract (GCC) এর Para-8 Assignment অনুসরণ না করে মেসার্স রোজলীন ট্রেডার্সের সাথে ১,৩৯,০৯,৮০০/- টাকার চুক্তি সম্পাদন করা।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ**

প্যাকেজ নং ডব্লিউডি-৭ (লট-এ) কাজের দরপত্রটি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যথানিয়মে মোঃ বদরুল আলম, 'সি' শ্রেণির ঠিকাদার ও সরবরাহকারী, নতুন ভাঙ্গাবাড়ী, সিরাজগঞ্জ এর অনুকূলে গ্রহণ করা হয় এবং নোটিফিকেশন অব এওয়ার্ড (NOA) প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে ঠিকাদারি প্রতিষ্ঠান জনাব মোঃ বদরুল আলম কর্তৃক আবেদনপূর্বক জানানো হয় যে, ব্যক্তিগত নানান ঝামেলা এবং বিভিন্ন স্থানে অন্যান্য ঠিকাদারি কাজ চলমান থাকায় বাংলাদেশ রেলওয়ে কর্তৃক তফশীলে বর্ণিত কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা সম্ভব নাও হতে পারে। এমন আশঙ্কার কারণে সরকারি প্রচলিত নিয়ম মোতাবেক মেসার্স রোজলীন ট্রেডার্স, প্রোপাইটার মোঃ শামিমুর রহমান, পিতা- মৃত আজিজুর রহমান, ঠিকানা-৪০, দরগাপাড়া, বোয়ালিয়া, রাজশাহী-৬০০০ বরাবর আমমোক্তারনামা এর মাধ্যমে নোটিফিকেশন অব এওয়ার্ডে বর্ণিত কাজটি সম্পন্ন করার যাবতীয় দায়দায়িত্ব স্বেচ্ছায় অর্পণ করেন। ৫০০.০০ টাকা সরকারি স্ট্যাম্পের উপর লিখিত আমমোক্তারনামা যা বিজ্ঞ জেলা নোটারি পাবলিক কার্যালয়, রাজশাহী হতে সম্পাদিত হয়। পরবর্তীতে আমমোক্তারনামাটি ভেটিং এর জন্য আইন কর্মকর্তা (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী বরাবর প্রেরণ করা হয়। আইন কর্মকর্তার নিকট হতে ভেটিং

পাওয়ার পর প্রচলিত নিয়মে সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদন করা হয়। উল্লেখ্য যে, অনুরূপ প্রক্রিয়ায় আমমোক্তারনামার মাধ্যমে কার্য সম্পাদনের বিষয়টি দীর্ঘদিন ধরে বাংলাদেশ রেলওয়েতে প্রচলিত আছে। অনেক পূর্ব হতেই বাংলাদেশ রেলওয়ে'তে অনুরূপ প্রক্রিয়ায় চুক্তিপত্র সম্পাদিত হয়ে আসছে এবং তা বর্তমানেও বলবৎ আছে। বিবেচ্য কাজের ক্ষেত্রে একই প্রক্রিয়া অনুসরণপূর্বক চুক্তিপত্র সম্পাদন ও কাজ চলমান আছে। বর্ণিত প্যাকেজের ৭০% কাজ চুক্তিপত্রের স্পেসিফিকেশন মোতাবেক সম্পন্ন হয়েছে। আশা করা যাচ্ছে সহসাই সমুদয় কাজ সম্পন্ন হবে। যেহেতু এ প্রক্রিয়ায় কোন আর্থিক ক্ষতি হয়নি এবং কাজের গুণগত মানেও কোনরূপ বিচ্যুতি ঘটেনি, তাছাড়া কাজটি প্রায় সমাপ্তির পথে।

এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে উত্থাপিত আপত্তিখানা প্রত্যাহার/নিষ্পত্তি করার জন্য অনুরোধ জানানো হলো।

**নিরীক্ষা মন্তব্যঃ**

সিপিটিইউ কর্তৃক জারীকৃত পণ্য, কার্য, সেবা ক্রয়ের আদর্শ দলিলসমূহ (Standard Tender Documents) STD এর PW-3 তে উল্লেখিত General Condition of Contract (GCC) এর Para-8 Assignment অংশের নির্দেশনায় উল্লেখ আছে ''Neither the contractor nor the procuring entity shall assign in whole or in part, its obligations under the contract.'' কিন্তু এ ক্ষেত্রে পুরো কাজ দরপত্রে অংশ না নেওয়া ঠিকাদার, মেসার্স রোজলীন ট্রেডার্স কে ন্যস্ত করায় চুক্তির সাধারণ শর্তাবলী লংঘন করা হয়েছে। অধিকন্তু পিপিআর/২০০৮ এর বিধি-১০২(৪) অনুসরণ না করে চুক্তি সম্পাদন করা হয়েছে।

NOA প্রাপ্তির পর কৃতকার্য দরদাতা নির্ধারিত সময়ে চুক্তি সম্পাদনে ব্যর্থ/অসমর্থ হলে পিপিআর/২০০৮ এর বিধি-১০২(৪) অনুযায়ী ক্রয়কারী ২য় কৃতকার্য দরদাতার সাথে চুক্তি করবেন-এমন বিধান থাকা সত্ত্বেও এবং সিপিটিইউ কর্তৃক জারীকৃত পণ্য/কার্য/সেবা ক্রয়ের আদর্শ দলিল অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কার্যের দায়দায়িত্ব সম্পূর্ণ বা কোন অংশ বিশেষ কারো নিকট ন্যস্ত করা যাবে না মর্মে চুক্তির সাধারণ শর্ত অনুসরণ করার বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও ক্রয়কারী কৃতকার্য দরদাতা মোঃ বদরুল আলম এর আমমোক্তারনামা গ্রহণ করেছে। অর্থাৎ কৃতকার্য দরদাতা চুক্তিবদ্ধ না হয়েও চুক্তির দায়দায়িত্ব দরপত্রে অংশ না নেয়া ঠিকাদারের নিকট হস্তান্তর করেছে যা সরকারি ক্রয় সংক্রান্ত আইন ও বিধির সুস্পষ্ট লংঘন। এই অনিয়মের বিষয় উল্লেখ করে আপত্তিটি ১১/০৭/২০১৮ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর জারি করা হয়। পরবর্তীতে ১৩/০৮/২০১৮খ্রিঃ তারিখে ১ম তাগিদপত্র ও ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ২য় তাগিদপত্র এবং ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

উপরিউক্ত বর্ণনার আলোকে পিপিআর এর ব্যত্যয় ঘটিয়ে ক্রয়কার্য সম্পাদনের সাথে জড়িত সংশ্লিষ্টদের দায়দায়িত্ব নির্ধারণ করা প্রয়োজন। পিপিএ-২০০৬ এর ধারা ৬৪(৩) মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে [**(পরিশিষ্ট-৯(১)**] এবং এই অনিয়ম পুনরাবৃত্তি রোধকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো।

**অনুচ্ছেদ ঃ ১৩।**

**শিরোনামঃ একক কাজকে একাধিক প্যাকেজে বিভক্ত করে ১,১৩,৯১,৯৪৯.০০ (এক কোটি তের লক্ষ একানব্বই হাজার নয়শত উনপঞ্চাশ) টাকা অনিয়মিত ব্যয়।**

**বিবরণ ঃ**

প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম দপ্তরের ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাবের উপর ১৪/০১/২০১৮ খ্রিঃ হতে ০৮/০২/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষাকালে উক্ত দপ্তরে রক্ষিত grease hard paint dry pigment, white zinc ও s.s sheet ক্রয়ের নথিপত্র পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, ক্রয় প্রক্রিয়া অনুসরণ না করে ক্রয়কারী ক্রয় পরিকল্পনা প্রণয়ণের সময় উন্মুক্ত দরপত্র পদ্ধতি বা ঊর্ধ্বতন কর্মকর্তার অনুমোদনের বাধ্যবাধকতা পরিহারের উদ্দেশ্যে একক কাজকে নিম্নতর মূল্যমানের একাধিক প্যাকেজে বিভক্ত করেছেন। কোন কোন ক্ষেত্রে একই পণ্য ক্রয়ে একাধিক চুক্তি একই তারিখে সম্পাদন করা হয়েছে। যা একত্রিকরণ করা হলে পণ্যের ক্রয় মূল্যে Economies of Scale অর্জন করা সম্ভব হতো।

PPR-2008 এর বিধি ১৭(৫) মোতাবেক উপবিধি (১), (২) ও (৩) এর অধীন কোন একক ক্রয় কাজ একাধিক প্যাকেজে বা কোন প্যাকেজ একাধিক লটে বিভক্ত করা হলে, তার যে কোন একটি প্যাকেজ বা লটের জন্য চুক্তি সম্পাদনের নোটিশ প্রদানের আগে প্যাকেজসমূহ বা লটসমূহের মোট মূল্যের সমষ্টি যে কর্তৃপক্ষের অনুমোদনের এক্তিয়ারভুক্ত, সেই কর্তৃপক্ষের নিকট প্রতিটি প্যাকেজ বা লটের দরপত্র অনুমোদনের জন্য পেশ করতে হবে। কিন্তু এক্ষেত্রে তা অনুসরণ করা হয়নি। ফলে একক কাজকে একাধিক প্যাকেজে বিভক্ত করে ১,১৩,৯১,৯৪৯/- টাকার চুক্তি সম্পাদন অনিয়মিত ব্যয় হিসেবে গণ্য **[পরিশিষ্ট-১০]**।

**অনিয়মের কারণ ঃ**

PPR-2008 এর বিধি ১৭(৫) এর উপবিধি (১), (২) ও (৩) এর নির্দেশনা প্রতিপালন না করা।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

আপত্তি সংশ্লিষ্ট চুক্তিসমূহ প্রাথমিকভাবে পর্যালোচনায় দেখা যায় যে, একই অর্থ বছরে একই দফা মজুদী আইটেমে re-order point অনুযায়ী ভিন্ন ভিন্ন সময়ে SR এর বিপরীতে ক্রয়ের জন্য স্থাপিত। এছাড়া বাজেট চাপ এড়ানোর জন্য একত্রে প্যাকেজ নির্ধারণ না করে পৃথক পৃথক প্যাকেজ নির্ধারণ করা হয় যা Hope এর Authorized Officer হিসাবে CCS/PHT কর্তৃক অনুমোদিত। একই দফা চুক্তিসমূহের সমষ্টিগত মূল্য ৩০ লক্ষ টাকার নিম্নে হওয়া CCS/PHT মহোদয় অনুমোদনের যথাযথ কর্তৃপক্ষ।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

জবাব পর্যালোচনা করা হলো। দেখা যাচ্ছে যে, একই পণ্য ক্রয়ে একই দিনে একাধিক চুক্তি করা হয়েছে। তাছাড়া, কোন একটি একক ক্রয়কে একাধিক প্যাকেজে বিভক্ত করা হয়েছে। কিন্তু এ ধরনের ক্রয়ের অনুমোদন গ্রহণের ক্ষেত্রে পিপিআর, ২০০৮, বিধি ১৭(৫) এর উপবিধি (১), (২) ও (৩) এর নির্দেশনা পরিপালন করা হয়নি। এই অনিয়মের বিষয় উল্লেখ করে আপত্তিটি ১১/০৭/২০১৮ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর জারি করা হয়। পরবর্তীতে ১৩/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ১ম তাগিদপত্র ও ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ২য় তাগিদপত্র এবং ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

ইতোপূর্বে এ আপত্তির অনুরূপ আপত্তি ১৯৯৯-২০০০ হতে ২০০৮-২০০৯ অর্থ বছরের বিশেষ নিরীক্ষা সংক্রান্ত অডিট রিপোর্টের অনুচ্ছেদ নং-১৪, পৃষ্ঠা-২০ এ অন্তর্ভুক্ত হয়। যার শিরোনাম "উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন এড়ানোর জন্য খণ্ড খণ্ড করে আর্থিক ক্ষমতা বহির্ভূতভাবে ৭৪,২৭,৭৩,৩৫০/ টাকার ক্রয় চুক্তি অনুমোদন"। আপত্তিটি ১০ম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৫৪তম বৈঠকে আলোচনা হয় এবং সংশ্লিষ্ট কার্যবিবরণীর ক্রমিক ৭.১.১৪ এর মাধ্যমে সিদ্ধান্ত প্রদান করা হয় যে, "এই অনিয়মের বিষয়ে রেলপথ মন্ত্রণালয়ের একজন যুগ্ম সচিবের নেতৃত্বে একটি তদন্ত কমিটি গঠন করে দায়িত্ব নিরূপনপূর্বক অনধিক ৬০ দিনের মধ্যে মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের মাধ্যমে কমিটিতে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুশাসন প্রদান করা হলো"।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

উপরিউক্ত বর্ণনার আলোকে পিপিআর এর ব্যত্যয় ঘটিয়ে ক্রয়কার্য সম্পাদনের সাথে জড়িত সংশ্লিষ্টদের দায়দায়িত্ব নির্ধারণ করা প্রয়োজন। পিপিএ-২০০৬ এর ধারা ৬৪(৩) মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে **[(পরিশিষ্ট-১০(১)]** এবং এই অনিয়ম পুনরাবৃত্তি রোধকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো।

**অনুচ্ছেদ নং-১৪।**

**শিরোনামঃ নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ না করায় Liquidated Damage বাবদ ৬,৬২,৪৭৮.০০ (ছয় লক্ষ বাষট্টি হাজার চারশত আটাত্তর) টাকা আদায়যোগ্য।**

**বিবরণঃ**

মহাব্যবস্থাপক/পূর্ব, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম এর অধীন সরঞ্জাম নিয়ন্ত্রক/পূর্ব/বাংলাদেশ রেলওয়ে/চট্টগ্রাম কার্যালয়ের অধীন জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক/পরিদর্শন, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম কার্যালয় ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ১৬/০২/২০১৮ খ্রিঃ হতে ২২/০২/২০১৮ খ্রিঃ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে মালামাল ক্রয় সংক্রান্ত চুক্তিপত্র, R-Note ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, চুক্তির শর্ত অনুযায়ী ঠিকাদার কর্তৃক যথাসময়ে মালামাল সরবরাহ করা হয়নি। চুক্তিপত্রের Particular Conditions of Contract এ উল্লিখিত GCC 15.1 মোতাবেক ঠিকাদার যদি যথাসময়ে মালামাল সরবরাহে ব্যর্থ হয়, তবে প্রতি সপ্তাহের জন্য ০.৫% বিলম্বজনিত ক্ষতিপূরণ আদায়যোগ্য হবে। মালামাল সরবরাহ দিতে ব্যর্থ হওয়ায় ঠিকাদার/সরবরাহকারীর নিকট হতে বিলম্বজনিত ক্ষতিপূরণ বাবদ ৬,৬২,৪৭৮/- টাকা [**পরিশিষ্ট-১১**] আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি।

**অনিয়মের কারণ ঃ**

Particular Conditions of Contract এ উল্লিখিত GCC 15.1 মোতাবেক বিলম্বে মালামাল সরবরাহের জন্য Liquidated Damage আদায় না করা।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

চুক্তি অনুযায়ী Liquidated Damage আরোপ করে তা কর্তনের জন্য R-Note এ Remarks দেয়া হয়েছে। Liquidated Damage কর্তন নিশ্চিতকরণ হিসাব বিভাগ তথা Bill Passing Unit এর দায়িত্ব। হিসাব বিভাগ হতে তথ্য নিয়ে পরবর্তীতে বিস্তারিত অবহিত করা হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

জবাবে আপত্তি স্বীকৃত। অভ্যন্তরীণ ও আর্থিক নিয়ন্ত্রণ ব্যবস্থা দুর্বল হওয়ার কারণে চুক্তির শর্ত অনুযায়ী ঠিকাদার/সরবরাহকারীর নিকট হতে ৬,৬২,৪৭৮/- টাকা আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। এই অনিয়মসমূহের বিষয় উল্লেখ করে আপত্তিটি ১১/০৭/২০১৮ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর জারি করা হয়। পরবর্তীতে ১৩/০৮/২০১৮খ্রিঃ তারিখে তাগিদপত্র ও ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ২য় তাগিদপত্র এবং ১৩/০৯/২০১৮খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

বিলম্বে মালামাল সরবরাহ সংশ্লিষ্ট Liquidated Damage আদায় না করার বিষয়ে দায়দায়িত্ব নির্ধারণ এবং আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-১৫।**

**শিরোনামঃ  বকেয়া বিদ্যুৎ বিল বাবদ ৪৭,০০,১৬০.০০ (সাতচল্লিশ লক্ষ একশত ষাট)  টাকা আদায়যোগ্য।**

**বিবরণঃ**

প্রধান বৈদ্যুতিক প্রকৌশলী/পূর্ব, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম কার্যালয়ের অধীন বিভাগীয় বৈদ্যুতিক প্রকৌশলী/ পাহাড়তলী ও ঢাকা  কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ২৩/০২/২০১৮ খ্রিঃ হতে ১২/০৩/২০১৮ খ্রিঃ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে বকেয়া বিদ্যুৎ বিলের তালিকা হতে দেখা যায় যে, এই দুটি কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন সাবস্টেশনে বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট জুন/১৭ পর্যন্ত ৪৭,০০,১৬০.০০ টাকা অনাদায় রয়েছে **[পরিশিষ্ট-১২-১২(১-৪)]**।

**অনিয়মের কারণঃ**

বকেয়া বিদ্যুৎ বিলের টাকা আদায় না করা।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ**

**ক)** নন-রেলওয়ে প্রতিষ্ঠানের গ্রাহকগণ বিভিন্ন রেলওয়ে স্টেশনে, পে এন্ড ক্যাশ অফিস এবং বিভিন্ন ব্যাংকে পে-অর্ডারের মাধ্যমে বিদ্যুৎ বিলের টাকা জমা দেন। পরবর্তীতে গ্রাহক পরিশোধের প্রমাণক অত্র দপ্তরে জমা দেন। আবার কখনও গ্রাহক বিদ্যুৎ বিলের টাকা নির্দিষ্ট সময়ে বর্ণিত প্রতিষ্ঠানসমূহে জমা প্রদান করলেও এই দপ্তরে দেরিতে বা একসাথে প্রমাণক জমা দেন। ফলে অনেক সময় রেজিস্টার হালনাগাদ থাকেনা। এ ব্যাপারে সংশ্লিষ্ট গ্রাহকদের সাথে যোগাযোগ করে দ্রুততার সাথে পরিশোধের প্রমাণক সংগ্রহ এবং বকেয়া টাকা আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

খ) বকেয়া বিদ্যুৎ বিল পর্যায়ক্রমে আদায় করা হচ্ছে এবং সংশ্লিষ্ট বকেয়া বিদ্যুৎ বিলগুলো আদায় করে জানানো হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

অডিটি প্রতিষ্ঠানের জবাবে আপত্তিটি প্রতিষ্ঠিত হয়েছে। এই অনিয়মের বিষয় উল্লেখ করে আপত্তিটি ১১/০৭/২০১৮ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর জারি করা হয়। পরবর্তীতে ১৩/০৮/২০১৮খ্রিঃ তারিখে ১ম তাগিদপত্র ও ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ২য় তাগিদপত্র এবং ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

ইতোপূর্বে এই আপত্তির অনুরূপ আপত্তি ১৯৯০-১৯৯১ অর্থ বছরের বার্ষিক অডিট রিপোর্টের অনুচ্ছেদ নং-০৯, (৬ষ্ঠ অধ্যায়) পৃষ্ঠা-৩৩ এ অন্তর্ভুক্ত হয়। যার শিরোনাম "বিদ্যুৎ বিল অনাদায়ের ফলে ১,২৯,৩৩৯/- টাকা ক্ষতি।" আপত্তিটি ৯ম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ১নং সাবকমিটির ২৩তম বৈঠকে আলোচনা হয় এবং সংশ্লিষ্ট কার্যবিবরণীর ক্রমিক ৭.১.১ এর মাধ্যমে সিদ্ধান্ত প্রদান করা হয় যে, "বাংলাদেশ রেলপথের ১৯৯০-১৯৯১ অর্থ বৎসরের হিসাবের ওপর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত এবং ১নং সাবকমিটির ২৩তম বৈঠকে আলোচিতব্য এবং ইতিপূর্বে সরকারি হিসাব সম্পর্কিত

স্থায়ী কমিটি অথবা উক্ত কমিটির কোন সাব কমিটির অন্য কোন বৈঠকে আলোচিত অনুচ্ছেদ ব্যতীত অন্যান্য অনালোচিত নিরীক্ষা আপত্তিগুলোর রিপোর্টে বর্ণিত নিরীখ কর্তৃপক্ষের মন্তব্যের সাথে সরকারি হিসাব সম্পর্কিত কমিটির ১ নং সাব কমিটি একমত পোষণ করছে। এ রিপোর্টে যে সকল আপত্তি অন্তর্ভুক্ত আছে এবং তাতে অডিট কর্তৃক যে সমস্ত সুপারিশ করা হয়েছে তার সাথে সাব কমিটি একমত পোষণ করছে বিধায় উক্ত আপত্তির বিষয়ে সংস্থার যদি ভিন্নমত থাকে তাহলে তা অনধিক ৩ মাসের মধ্যে রিপোর্ট আকারে সিএজি'র মাধ্যমে কমিটিকে অবহিত করবেন। অন্যথায় অডিট কর্তৃক যে সমস্ত সুপারিশ করা হয়েছে তার আলোকে যথাযথ ব্যবস্থা নিয়ে সিএজি'র মাধ্যমে কমিটিকে অবহিত করবেন। ঐ নিরীক্ষা আপত্তিগুলো সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রণালয় অডিটের মন্তব্য অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে এবং গৃহীত পদক্ষেপ অনধিক ৩(তিন) মাসের মধ্যে মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের মাধ্যমে সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটিকে জানাতে হবে। এক্ষেত্রে নিরীক্ষা আপত্তি সংক্রান্ত সিএজির সিদ্ধান্ত/মন্তব্য অনুযায়ী নিরীক্ষিত প্রতিষ্ঠান কর্তৃক কোন কার্যক্রম গৃহীত না হলে বা প্রতিপালন করা না হলে বা ভিন্নমত সম্পর্কে সংস্থা কর্তৃক অবহিত করা না হলে মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক যথাশীঘ্র সম্ভব তা সরকারি হিসাব সম্পর্কিত কমিটিকে অবহিত করতে হবে"। উল্লেখ্য, এ আপত্তির বিষয়ে অডিটের মন্তব্য/সুপারিশ ছিল বকেয়া বিদ্যুৎ বিলের টাকা দ্রুততার সাথে আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করে প্রমাণকসহ অডিট অধিদপ্তরে প্রেরণ করা আবশ্যক।

**নিরীক্ষার সুপারিশঃ**

বকেয়া বিদ্যুৎ বিলের টাকা দ্রুততার সাথে আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করে প্রমাণকসহ জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-১৬।**

**শিরোনামঃ অধিকমূল্যে স্টোন ব্যালাস্ট সরবরাহ নেওয়ার চুক্তি অনুমোদন করায় ৫,৫৯,১৭,৪০০.০০ (পাঁচ কোটি উনষাট লক্ষ সতের হাজার চারশত) টাকা ক্ষতি।**

**বিবরণঃ**

প্রধান প্রকৌশলী/পশ্চিম, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী কার্যালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের হিসাব স্থানীয়ভাবে ১৪/০১/২০১৮ হতে ১৮/০১/২০১৮ খ্রিঃ পর্যন্ত নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে দেখা যায় যে, **পরিশিষ্ট-১৩** এ বর্ণিত বিভিন্ন চুক্তিপত্রের মাধ্যমে মধ্যপাড়া/পাকুর (ইন্ডিয়া) অথবা সমগুণাগুণের স্টোন ব্যালাস্ট সরবরাহ নেয়ার চুক্তি করা হয়। চুক্তিপত্র নং-৫৪.০১.৮১০০. ১৫৫.০৫.০২৮.১৬/৫৩; তারিখঃ ২৬/০৭/২০১৬ এ দেখা যায় প্রতি কিউবিক (মিটার) পাথরের মূল্য ৩,৭৪৯/- টাকা। আবার একই অর্থ বছরে পরিশিষ্টে বর্ণিত অন্য ৮টি চুক্তিতে দেখা যায় প্রতি কিউবিক (মিটার) পাথরের মূল্য পড়েছে যথাক্রমে ৬,১০০/-, ৬,১১৭/-, ৬,০০০/-, ৬,১১৭/-, ৬,০০০/-, ৬,১১৭/-, ৬,০০০/- এবং ৬,০০০/- টাকা। ফলে প্রতি কিউবিক মিটার পাথরের মূল্যের পার্থক্য দাঁড়ায় যথাক্রমে ২,৩৫১/-, ২,৩৬৮/-, ২,২৫১/-, ২,৩৬৮/-, ২,২৫১/-, ২,৩৬৮/-, ২,২৫১/- এবং ২,২৫১/- টাকা। এই ৮টি চুক্তিতে পাথরের মূল্যের মোট পার্থক্য দাঁড়ায় ৫,৫৯,১৭,৪০০/- টাকা যা ক্ষতি হিসেবে গণ্য। মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি লিমিটেড এর বিজ্ঞপ্তি নং- শিলা- ১০০-১২৪ (মূল্য নির্ধারণ)/৩১৩ তারিখঃ ৩০/১১/২০১৭ খ্রিঃ মূল্য তালিকা হতে দেখা যায় প্রতি মেট্রিক টন ব্যালাস্টের মূল্য মাত্র ২৮ মার্কিন ডলার বা ২২৪০/- টাকা (প্রতি ডলার ৮০/- টাকা) হিসেবে এক কিউবিক মিটার পাথরের মূল্য ৩,২৯৫/- টাকা। আবার অন লাইনে দেখা যায় Pukur or equivalent পাথরের প্রতি মেট্রিক টনের মূল্য ৮-১০ ডলার বা ৮০০/- টাকা হতে ১,০০০/- টাকা হিসেবে এক কিউবিক মিটার পাথরের মূল্য ১,১৭৭/- টাকা।

**অনিয়মের কারণঃ**

বাজার মূল্য অপেক্ষা অধিকমূল্যে চুক্তির মাধ্যমে স্টোন ব্যালাস্ট ক্রয়।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ**

রেলওয়ে ট্র্যাকের গুণগত মান উন্নয়ন ও ট্রেনের রাইডিং ক্যাপাসিটি বৃদ্ধির লক্ষ্যে বিভাগীয় প্রকৌশলীগণের চাহিদার প্রেক্ষিতে ব্যালাস্ট সরবরাহ নেয়ার জন্য খোলা দরপত্র আহ্বান ও চুক্তি সম্পাদন করা হয়। বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক তাদের লাভ, পরিবহণ খরচ, লেবার খরচ, ভ্যাট, ট্যাক্স ইত্যাদি বিষয় বিবেচনা করত ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক দর উদ্ধৃত করা হয়। দরপত্র আহ্বানের পর ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত দরের ভিত্তিতে দরপত্র মূল্যায়ন করত সর্বনিম্ন দরদাতা ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে দরপত্র গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক টিইসি'র সুপারিশ গৃহীত হয়েছে। বর্ণিত দরপত্রসমূহ বিভিন্ন সময়ে আহ্বান করা হয়েছে এবং আর্থিক ক্ষমতা অনুযায়ী ক্ষমতাবান কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়েছে। কাজেই একটি চুক্তির সাথে অন্যটির কোন সম্পর্ক নেই। ভিন্ন ভিন্ন সময়ে আহ্বানকৃত দরপত্র একটির সাথে অন্যটির দরের

তুলনা করা যুক্তিযুক্ত নয়। বিধায় আপত্তিটি নিষ্পত্তিযোগ্য। এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে উত্থাপিত অডিট আপত্তিটি নিষ্পত্তি/প্রত্যাহার করার জন্য অনুরোধ করা হলো।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ (১) যে চুক্তির সাথে তুলনা করা হয়েছে সে চুক্তি সম্পাদনকারী ঠিকাদার তার লাভ, পরিবহণ খরচ, লেবার খরচ, ভ্যাট, ট্যাক্স ইত্যাদি বিবেচনা করত দরপত্র দাখিল করেছেন এবং চুক্তি সম্পাদন করেছেন। TEC যথাযথভাবে মূল্যায়ন করেছেন এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক TEC এর সুপারিশ গৃহীত হয়েছে। (২) মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি লিমিটেড এর বিজ্ঞপ্তি নং- শিলা- ১০০-১২৪ (মূল্য নির্ধারণ)/৩১৩ তারিখঃ ৩০/১১/২০১৭ খ্রিঃ হতে দেখা যায় প্রতি মেট্রিক টন ব্যালাস্টের মূল্য মাত্র ২৮ মার্কিন ডলার বা ২,২৪০/-টাকা (প্রতি ডলার ৮০/-টাকা) হিসেবে এক কিউবিক একক (মিটার) পাথরের মূল্য ৩,২৯৫/-টাকা। অন লাইনে দেখা যায় প্রতি মেট্রিক টন Pukur or equivalent মূল্য ৮-১০ ডলার বা ৮০০/- টাকা হতে ১,০০০/-টাকা হিসেবে এক কিউবিক একক (মিটার) পাথরের মূল্য ১,১৭৭/-টাকা। ঠিকাদার কর্তৃক ইন্ডিয়া হতে আমদানিকৃত প্রতি মেট্রিক টন ১১ ইউএস ডলার বা ৮৮০/- টাকা মূল্য মানের পাথর ঠিকাদার হতে সরবরাহ নেওয়া হয়েছে। এই অনিয়মের বিষয় উল্লেখ করে আপত্তিটি ১১/০৭/২০১৮ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর জারি করা হয়। পরবর্তীতে ১৩/০৮/২০১৮খ্রিঃ তারিখে তাগিদপত্র ও ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ২য় তাগিদপত্র এবং ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

বাজার মূল্যের চেয়ে অতিরিক্ত মূল্যে স্টোন ব্যালাস্ট ক্রয়ের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক অতিরিক্ত অর্থ আদায় করত সরকারি কোষাগারে জমা প্রদান করে প্রমাণকসহ জবাব নিরীক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করা আবশ্যক এবং এই অনিয়ম পুনরাবৃত্তি রোধকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো।

তারিখ ঃ ২৮-১০-১৪২৭ বঙ্গাব্দ।
১১-০২-২০২১ খ্রিস্টাব্দ।

(মোঃ আজিজুল হক)
মহাপরিচালক
পরিবহণ অডিট অধিদপ্তর, ঢাকা।

# দ্বিতীয় খন্ড
# (পরিশিষ্টসমূহ)

অনুচ্ছেদ নং-০১
পরিশিষ্ট নং-০১

**সোনার বাংলা এক্সপ্রেস ট্রেনের খাবার (ক্যাটারিং) বিলে নির্ধারিত হারের চেয়ে কম হারে ভ্যাট কর্তন বিবরণীঃ**

| ক্রঃ নং | মাসের নাম | মোট যাত্রীর সংখ্যা | খাবারের মূল্য (একক) | মোট আদায়ের পরিমাণ | কর্তনযোগ্য ভ্যাট (১৫%) | কর্তনকৃত ভ্যাট (৭.৬৬৭%) | কম কর্তনকৃত ভ্যাট (৭.৩৩৩%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | (৩×৪) ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | জুলাই/২০১৬ | ২৭৭২৪ | ১৯৫/- | ৫৪,০৬,১৮০/- | ৯৩,৫১,৪৫৯/- | ৪৭,৭৯,৮৪২/- | ৪৫,৭১,৬১৭/- | জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬; তারিখঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ অনুযায়ী আলোচ্য ক্যাটারিং সার্ভিসের উপর ১৫% হারে ভ্যাট কর্তনযোগ্য। |
| ২. | আগস্ট/২০১৬ | ২৮৮২২ | ১৯৫/- | ৫৬,২০,২৯০/- | | | | |
| ৩. | সেপ্টেম্বর/২০১৬ | ২৪৩৪১ | ১৯৫/- | ৪৭,৪৬,৪৯৫/- | | | | |
| ৪. | অক্টোবর/২০১৬ | ২৬৮৪৫ | ১৯৫/- | ৫২,৩৪,৭৭৫/- | | | | |
| ৫. | নভেম্বর/২০১৬ | ২৩৯৭৯ | ১৯৫/- | ৪৬,৭৫,৯০৫/- | | | | |
| ৬. | ডিসেম্বর/২০১৬ | ৩০৬৫৪ | ১৯৫/- | ৫৯,৭৭,৫৩০/- | | | | |
| ৭. | জানুয়ারি/২০১৭ | ২৮২৯৫ | ১৯৫/- | ৫৫,১৭,৫২৫/- | | | | |
| ৮. | ফেব্রুয়ারি/২০১৭ | ২৪৩২০ | ১৯৫/- | ৪৭,৪২,৪০০/- | | | | |
| ৯. | মার্চ/২০১৭ | ২৯০১২ | ১৯৫/- | ৫৬,৫৭,৩৪০/- | | | | |
| ১০. | এপ্রিল/২০১৭ | ২৫৩০০ | ১৯৫/- | ৪৯,৩৩,৫০০/- | | | | |
| ১১. | মে/২০১৭ | ২৭৪৩০ | ১৯৫/- | ৫৩,৪৮,৮৫০/- | | | | |
| ১২. | জুন/২০১৭ | ২২৯৮৬ | ১৯৫/- | ৪৪,৮২,২৭০/- | | | | |
| | **মোট =** | **৩,১৯,৭০৮ জন** | **১৯৫/-** | **৬,২৩,৪৩,০৬০/-** | **৯৩,৫১,৪৫৯/-** | **৪৭,৭৯,৮৪২/-** | **৪৫,৭১,৬১৭/-** | |

অনুচ্ছেদ নং-০২
পরিশিষ্ট নং-০২

**বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের বিভিন্ন রুটে চলাচলরত আন্তঃনগর ট্রেনের ক্যাটারিং সার্ভিসের বার্ষিক লাইসেন্স ফি এর উপর ভ্যাট কর্তন/আদায় না করার বিবরণীঃ**

| ক্রঃ নং | গাড়ির বিবরণ | ক্যাটারিং সার্ভিসের প্রতিষ্ঠানের নাম | বার্ষিক লাইসেন্স ফি | ভ্যাট (১৫%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | ৭০১/৭০২<br>সুবর্ণ এক্সপ্রেস ও রেলভবন ক্যান্টিন | জনাব মোঃ মামুন হোসেন<br>প্রোপাইটর, মেসার্স হাবিব বাণিজ্য বিতান<br>১নং প্লাটফর্ম, কমলাপুর<br>রেলওয়ে স্টেশন, ঢাকা। | ৭,৫৯,৮৩৬/- | ৭,২৮,৫৯২/- | মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর ১৮(ঙ) ধারা অনুযায়ী লাইসেন্স ইস্যু বা নবায়নের ক্ষেত্রে ১৫% হারে ভ্যাট কর্তনযোগ্য। |
| ২. | ৭০৪/৭৪১<br>মহানগর প্রভাতী/তূর্ণা | জনাব সিরাজ মিয়া<br>প্রোপাইটর, মেসার্স সিরাজ মিয়া রেলওয়ে ক্যাটারিং<br>৫/৪, পূর্ব বাসাবো, কদমতলা, ঢাকা। | ৬,৫৬,৩৭৪/- | | |
| ৩. | ৭০৩/৭৪২<br>মহানগর গোধুলী/তূর্ণা | জনাব মোঃ তোফাজ্জেল হোসেন<br>ম্যানেজার পার্টনার, মেসার্স প্রগতি ক্যাটারার্স<br>৮নং প্লাটফর্ম, কমলাপুর, রেলওয়ে স্টেশন, ঢাকা। | ৬,৫৬,৩৭৪/- | | |
| ৪. | ৭১৯/৭২৪/৭২০/৭২৩<br>পাহাড়িকা/উদয়ন এক্সপ্রেস | জনাব মোঃ শাহ আলম<br>প্রোপাইটর, এমএ কর্পোরেশন<br>চট্টগ্রাম নতুন স্টেশন ভবন, চট্টগ্রাম। | ৬,৩৩,১৯৮/- | | |
| ৫. | ৭২১/৭২২, ৭২৯/৭৩০<br>মহানগর প্রভাতী/গোধুলী/মেঘনা এক্সপ্রেস | জনাব মোঃ সুজাউদৌলা বিশ্বাস<br>ম্যানেজার পার্টনার, বিল্লাল হোসেন এন্ড ব্রাদার্স কোং<br>১নং প্লাটফর্ম, কমলাপুর, রেলওয়ে স্টেশন, ঢাকা। | ৫,৭৮,৭১০/- | | |
| ৬. | ৭০৯/৭১০<br>পারাবত এক্সপ্রেস | জনাব মোঃ ওবায়দুল হক<br>প্রোপাইটর, মেসার্স ওবায়দুল হক এন্ড সন্স<br>দক্ষিন খান, ঢাকা। | ৩,৪৪,৫৯৮/- | | |
| ৭. | ৭১৮/৭৩৯<br>জয়ন্তীকা/উপবন এক্সপ্রেস | জনাব মোঃ মিজানুর রহমান<br>ম্যানেজার পার্টনার, মেসার্স আমজাদ এন্ড সন্স | ২,৫৩,২৮০/- | | |

| ক্রঃ নং | গাড়ির বিবরণ | ক্যাটারিং সার্ভিসের প্রতিষ্ঠানের নাম | বার্ষিক লাইসেন্স ফি | ভ্যাট (১৫%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | চট্টগ্রাম। | | | |
| ৮. | ৭১৭/৭৪০<br>জয়ন্তীকা/উপবন এক্সপ্রেস | জনাব মোঃ আব্দুল্লাহ<br>মেসার্স আব্দুল্লাহ এন্ড সন্স<br>বাসাবো, ঢাকা | ২,৫৩,২৮০/- | | |
| ৯. | ৭৪৩/৭৪৪<br>ব্রহ্মপুত্র এক্সপ্রেস | জনাব মোঃ খোরশদের রহমান<br>প্রোপাইটর, মেসার্স কেআর ক্যাটরার্স<br>কমলাপুর, ঢাকা। | ১,২৬,৬৪৫/- | | |
| ১০. | ৭১১/৭১২<br>উপকূল এক্সপ্রেস | জনাব মোঃ আব্দুল রাজ্জাক<br>প্রোপাইটর, মেসার্স সুরভী ক্যাটারার্স<br>লালবাগ, ঢাকা | ৯৪,৯৮৩/- | | |
| ১১. | ৭৮৭/৭৮৮<br>সোনার বাংলা | জনাব শাহ মোঃ মিজানুর রহমান<br>ম্যানেজার, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন<br>চট্টগ্রাম। | ৫,০০,০০০/- | | |
| | | **মোট =** | **৪৮,৫৭,২৭৮/-** | **৭,২৮,৫৯২/-** | |

অনুচ্ছেদ নং-০৩
পরিশিষ্ট-০৩

## ঠিকাদারি প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর ও ভ্যাট কর্তনের বিবরণীঃ

| ক্রঃ নং | ঠিকাদারের নাম, ঠিকানা ও চুক্তিমূল্য | বিল নং ও তারিখ | বিলে দাখিলকৃত টাকার পরিমাণ | Mobilization Advance কর্তন | অবশিষ্ট টাকার পরিমাণ | কর্তনযোগ্য আয়কর ৭% | কর্তিত আয়কর | আয়কর কম কর্তন | কর্তনযোগ্য ভ্যাট ৬% | কর্তিত ভ্যাট | আদায়যোগ্য ভ্যাটের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | Mahbub Brothers Pvt. Ltd. Akram Tower, Holding No.454, Daulatpur, Khulna, Bangladesh. চুক্তিমূল্য = ১৩,৮৫,১২,০৪০/- | বিল নং-০১, তাং-২৭-১০-১৬ | ১,০৪,৪২,০২৫/- | - | ১,০৪,৪২,০২৫/- | ৭,৩০,৯৪১.৭৫ | ৫,২২,১০১/- | ২,০৮,৮৪০.৭৫ | ৬,২৬,৫২২/- | ৬,২৬,৫২২/- | ০.০০ |
| ২. | ঐ | বিল নং-০২, তাং-২৬-১২-১৬ | ৪৫,৪৯,৩২০/- | - | ৪৫,৪৯,৩২০/- | ৩,১৮,৪৫২.৪০ | ২,২৭,৪৬৬/- | ৯০,৯৮৬.৪০ | ২,৭২,৯৫৯/- | ২,৭২,৯৫৯/- | ০.০০ |
| ৩. | ঐ | বিল নং-০৩, তাং-১৬-০৫-১৭ | ৩,৪৯,৪০,৬৫৫/- | ৬৯,৮৮,১৩১/- | ২,৭৯,৫২,৫২৪/- | ১৯,৫৬,৬৭৬.৬৮ | ২২,৫৬,৫০৫/- | - ২,৯৯,৮২৮.৩২ | ১৬,৭৭,১৫১/- | ১৬,৭৭,১৫২/- | ০.০০ |
| ৪. | ঐ | বিল নং-০৪, তাং-১৭-০৬-১৭ | ৩,৪০,৫৪,১০৫/- | ৪০,৮৬,৪৯২/৬০ | ২,৯৯,৬৭,৬১২/৪০ | ২০,৯৭,৭৩২.৮৭ | ১৯,০৭,০৩০/- | ১,৯০,৭০২.৮৭ | ১৭,৯৮,০৫৬.৭৪ | ১৬,৩৪,৫৯৭/- | ১,৬৩,৪৫৯.৭৪ |
| সর্বমোট টাকার পরিমাণ এবং আদায়যোগ্য আয়কর ও ভ্যাটের পরিমাণ | | | ৮,৩৯,৮৬,১০৫/- | ১,১০,৭৪,৬২৩/৬০ | ৭,২৯,১১,৪৮১/৪০ | ৫১,০৩,৮০৩/৭০ | ৪৯,১৩,১০২/- | ১,৯০,৭০১.৭০ | ৪৩,৭৪,৬৮৮.৭৪ | ৪২,১১,২৩০/- | ১,৬৩,৪৫৮.৭৪ |

**সর্বমোট আদায়যোগ্য আয়কর ও ভ্যাটের পরিমাণ ( ১,৯০,৭০১/৭০ + ১,৬৩,৪৫৮/৭৪ ) = ৩,৫৪,১৬০/৪৪ টাকা।**

অনুচ্ছেদ নং-০৪
পরিশিষ্ট নং-০৪

**Sleeper উৎপাদনকারি প্রতিষ্ঠান Max Infrastructure Ltd কে উৎপাদনকারি বিবেচনা না করে সরবরাহকারি হিসেবে বিবেচনা করে কম কর্তনকৃত VAT এর বিবরণী ঃ**

| **Bill of Quantities** | | | | | | | ভ্যাট | | আদায়যোগ্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **Sl. No.** | **Specs Ref/ BOQ Item** | পরিমাণ | একক মূল্য | চুক্তি মূল্য | ঠিকাদারকে মূল্য পরিশোধ | | কর্তনকৃত ভ্যাট | প্রযোজ্য ভ্যাট | |
| | | | | | পরিমাণ | **Amount** | ৬% | ১৫% | ৯% |
| 3 | Supply of DG PSC Sleepers for BS 90A Rails | ১,৬০০ | ৭,৮০০ | ১,২৪,৮০,০০০ | ১,৬০০ | ১,২৪,৮০,০০০.০০ | ৭,৪৮,৮০০.০০ | ১৮,৭২,০০০.০০ | ১১,২৩,২০০.০০ |
| | | | | | মোট = | ১,২৪,৮০,০০০.০০ | ৭,৪৮,৮০০.০০ | ১৮,৭২,০০০.০০ | ১১,২৩,২০০.০০ |

অনুচ্ছেদ নং-০৫
পরিশিষ্ট নং-০৫

**ঠিকাদারের নিকট হতে কম হারে আয়কর ও ভ্যাট কর্তনের বিবরণী ঃ**

| ক্রমিক নং | অফিসের নাম | টাকার পরিমাণ | পরিশিষ্ট |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | বাংলাদেশ রেলওয়ের লাকসাম-চাঁদপুর সেকশন পুনর্বাসন প্রকল্প | ২,৮৮,৫০৪/- | ৫(১) |
| ২ | বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের লেভেল ক্রসিং গেটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন শীর্ষক প্রকল্প | ১,২৫,৬৫৮/- | ৫(২) |
| ৩. | কর্মব্যবস্থাপক/নির্মাণ/বিআর/চট্টগ্রাম<br>বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী/লোকো/ঢাকা | ১,২৪,৭৯১/- | ৫(৩) |
| | **মোট=** | **৫,৩৮,৯৫৩/-** | |

অনিবাসী (বৈদেশিক) ঠিকাদারের নিকট হতে কম হারে আয়কর কর্তনের বিবরণী ঃ

| ক্রঃ নং | **CO-6** নম্বর ও তারিখ | বিল নং ও তারিখ | পরিশোধিত টাকা | কর্তনকৃত আয়কর এর পরিমাণ | কর্তনযোগ্য আয়কর এর পরিমাণ ৭.৫% (অনিবাসী হিসেবে) | পার্থক্য | মোট আদায়যোগ্য আয়কর এর পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | (৬-৫) ৭ | ৮ |
| ১. | XC/LCR/1; dt: 28/9/2016 | CC-XVIII. BR. No. 07/ctg; dt:27/9/2016 | ১,৩৫,০০,০০০/- | ৬,৭৫,০০০/- | ১০,১২,৫০০/- | ৩,৩৭,৫০০/- | ৩,৩৭,৫০০/- |
| ২. | XC/LCR/2; dt:19/10/2016 | P.o.613165; dt:16/10/2016 | ১০,৬৮,৬৬০/- | ৫৩,৪৩৩/- | ৮০,১৪৯/৫০ | ২৬,৭১৬/৫০ | ২৬,৭১৬/৫০ |
| ৩. | XC/LCR/3; dt:29/11/2016 | CC-XIX. BR. No. 27/ctg; dt:21/11/2016 | ১,১২,৫০,০০০/- | ৫,৬২,৫০০/- | ৮,৪৩,৭৫০/- | ২,৮১,২৫০/- | ২,৮১,২৫০/- |
| ৪. | XC/LCR/4; dt:30/01/2017 | CC-XX. BR. No. 50/ctg; dt:24/01/2017 | ১,১২,৫০,০০০/- | ৫,৬২,৫০০/- | ৮,৪৩,৭৫০/- | ২,৮১,২৫০/- | ২,৮১,২৫০/- |
| ৫. | XC/LCR/06; dt:16/03/2017 | CC-XXI. BR. No. 58/ctg; dt:14/03/2017 | ১,৩৩,৭৪,০০০/- | ১৬,৭৭,৫৫৩/- | ১০,০৩,০৫০/- | (-) ৬,৭৪,৫০৩/- | (-) ৬,৭৪,৫০৩/- |
| ৬. | XC/LCR/09; dt:29/06/2017 | CC-XIX. BR. No. 133/ctg; dt:20/06/2017 | ৭২,৫৮,১৪০/- | ৫,০৮,০৭০/- | ৫,৪৪,৩৬০/৫০ | ৩৬,২৯০/৫০ | ৩৬,২৯০/৫০ |
| | | **মোট =** | **৫,৭৭,০০,৮০০/-** | **৪০,৩৯,০৫৬/-** | **৪৩,২৭,৫৬০/-** | **২,৮৮,৫০৪/-** | **২,৮৮,৫০৪/-** |

অনুচ্ছেদ নং-০৫
পরিশিষ্ট নং-০৫(২)

আয়কর কম কর্তন করার বিবরণীঃ

| ক্রঃ নং | চুক্তিপত্র নং, তারিখ, চুক্তিমূল্য ও ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম | কাজের বিবরণ | প্রদত্ত বিল | **Mobilization Advance (-)** | **Net Payment** | ৫ % হারে কর্তনকৃত আয়কর | ৬% হারে কর্তনযোগ্য আয়কর | কম কর্তনকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | 350-W/Level crossing-01/ consolidated/16; dt:09/02/2016 টাকা ৭,৩০,৪১,৪০০/- I M/S. Bhuiyan & bhuiyan Developers Ltd. Kamalapur, Dhaka | WD-3: construction of gumty, road surface gate barrier & allied P-way works for 99 Nos. level crossing gates under DEN/2/DA's Jurisdiction | ১,৩৯,৬২,০০০/- | ১৩,৯৬,২০০/- | ১,২৫,৬৫,৮০০/- | ৬,২৮,২৯০/- | ৭,৫৩,৯৪৮/- | ১,২৫,৬৫৮/- |

অনুচ্ছেদ নং-০৫
পরিশিষ্ট নং-০৫(৩)

## নির্ধারিত হার অপেক্ষা কম হারে ভ্যাট আদায়ের সার সংক্ষেপ ঃ

| ক্রমিক নং | অফিসের নাম | টাকার পরিমাণ | পরিশিষ্ট |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | কর্মব্যবস্থাপক/নির্মাণ/বিআর/চট্টগ্রাম | ৮৯,৮৪৬/- | ০৫(৪) |
| ২. | বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী/লোকো/ঢাকা। | ৩৪,৯৪৫/- | ০৫(৫) |
| | মোট= | **১,২৪,৭৯১/-** | |

অনুচ্ছেদ নং-০৫
পরিশিষ্ট নং-০৫(৪)

## নির্ধারিত হার অপেক্ষা  কম হারে ভ্যাট কর্তন এর বিবরণী ঃ
## কর্মব্যবস্থাপক/নির্মাণ/বিআর/চট্রগ্রাম

| ক্রঃ নং | পণ্য সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম | পণ্য বা সেবার বিবরণ | বিল নং ও তারিখ | পরিশোধিত টাকা | ভ্যাট আদায়যোগ্য (১৫%) | ভ্যাট আদায় করা হয়েছে (৫%) | ভ্যাট কম আদায় করা হয়েছে (১০%) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | Jasia International, 50/B, Agrabad, C/A, Chittagong | Engine overhauling of damage crane at progress shop, overhauling cap star lathe  machine & others | Bill no-BR/store/Lp/LTM/ GR-107/mw/16-17 dt. 13.06.17 | ২,৪৯,৮০০/- | ৩৭,৪৭০/- | ১২,৪৯০/- | ২৪,৯৮০/- |
| ২. | থ্রি-এস এন্টারপ্রাইজ, গেন্ডারিয়ার, ঢাকা। | Overhauling of shock absorber m/c no. 4415-20 at bogie shop & Overhauling of spring testing m/c no. st/p-1 | Bill no-BR/store/Lp/LTM/ GR-110/mw/16-17 | ৪,৯৯,২০০/- | ৭৪,৮৮০/- | ২৪,৯৬০/- | ৪৯,৯২০/- |
| ৩. | Rowshan Engineering Works, Arkan Road, Chittagong | Overhauling of shopper machine shop | Bill no-BR/store/LP/LTm/ GR-57/mw/16-17 | ১,৪৯,৪৬০/- | ২২,৪১৯/- | ৭,৪৭৩/- | ১৪,৯৪৬/- |
